

23483

ওমত্যঃ
জয়তি ।

১। জাতিগির্ভঃ।

প্রথমভাগঃ ।

শ্রীতিশুভ্রপ্রভৃতি প্রমাণনিয়চৈঃ

কেন্দ্ৰিক কবিৰঞ্জনেন প্ৰণীতঃ ।

শ্ৰীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারেণ

বিশেষিতঃ ।

২। বণ্যস্তু-সংস্কৃত

কলিকাতা

মানিকতলা শ্রীট ৭৯নং ভবনে

পুরাণপ্রকাশ যন্ত্রে

মুদ্রিতঃ ।

সন ১২ চুক্ষমাস । 1873 A.D.

মূল্য ॥০

R.M.I.C LIBRARY	
Acc. No.	
Class. No.	
Date:	
Cards	1 - 50
Cards	
Cat.	
Bk.Cards	
Checklist	

মতা?
জয়তি।

বিজ্ঞাপনী । ২৩. ৫৪৩

কোন সময়ে আমরা কতিপয় বন্ধু সমন্বেত হইয়া কৌতুকাবিট চিত্তে নানাকথার প্রসঙ্গ করিতেছিলাম। তৎসময়ে রাজপ্র আর্যসভা হইতে এক মুদ্রিত পত্র কোন বক্তুবরের নিকটে উপস্থিত হইল। পত্র পাঠ করিয়া কোন বন্ধু বলিলেন, পৃথিবীতে যে ক্ষত্রিয়জাতির অসীম পরাক্রম ও একাদিপত্র ছিল, যাহাদের শামন বলে পৃথিবীশ্ব সমস্ত প্রজা স্বষ্টি ক্ষাতি-মর্যাদার কিঞ্চিত্তাত্ত্ব উত্তুজ্বন করিতে না পারিয়া সকলেই জাতীয় ধর্মে ও আচার ব্যবহারে রত ছিল। এইক্ষণে সেই ক্ষত্রিয়জাতি নিষ্পত্ত হওয়াতে ক্ষত্রিয়তা একপ্রকার ‘বেওয়া-রিপী মাস’ হইয়া পড়িল। এইক্ষণে যাহার ইচ্ছা সেই ক্ষত্রিয় হইতে পারে। পশ্চিমদেশে আক্ষণ ভিন্ন যতোপরীতবারী ব্যক্তিমাত্রকেই ক্ষত্রিয় কহে, বৈশ্যদিগকে বেগে ক্ষত্রিয়স্তুহে, উগ্রজাতিরা আগুরি স্নান্ত্বয় বলিয়া পরিচয় দেয়, ক্ষত্রিয় দিগের দামা পুত্রেরা পাঞ্জ। ক্ষত্রিয় বলিয়া পরিচয় দেয়, কিন্তু তাহারা ক্ষত্রিয় বলিয়া পরিচয় দিলেও স্বজ্ঞাতায় পর্য আচার ব্যবহারের উপর্যুক্ত করে না। এদেশে যাহারা হৃতন ক্ষত্রিয় হইতে পাঠনা যাহাদা সর্বথা পরিবর্তন-প্রিয়। পূর্বাবধি যান্ময়ের ক্ষত্রিয়তি ও বর্ণসঙ্গ রাজপুত

প্রতিই নির্ভর কৰিতে, ভৱমা করি, অনেকেই ইহার পর পর
থেওর আশুপ্রচারের বিষয়ে বিশেব মনোযোগী হইবেন।

উপসংহারকালে নিবেদন, কোন প্রকার ঈর্ঘ্য বা জিগীয়ার
অথবা অন্য কোন অভিধায়ের বশবত্তী হইয়া এই গ্রন্থের
প্রচার হইতেছে না। আমাদের বর্তমান সমাজে 'প্রাচীন জ্ঞান-
তত্ত্ব' ও কক্ষণলি অবশ্য জ্ঞাত্য বিষয়, এমন নিগৃতভাবে রহিয়াছে যে, এইখনে অনেকেই তত্ত্ববিষয়ে অনভিজ্ঞতা প্রকাশ
করেন। কেহ কেহ দ্বা নানাপ্রকার কল্পনা করেন, এই সকল বিষয়
যাহাতে সকলে অন্যাদে জ্ঞানিতে পারেন, মেই অভিপ্রায়েই
এই গ্রন্থের প্রচার হইতেছে। ইহাতে আমার স্বক্ষেপে
কল্পিত অথবা পরমৌষ আধুনিক কল্পিত কিছুই নাই।
প্রাচীন গ্রন্থকারেরা ও প্রাচীন প্রমিন্দ ব্যক্তিরা যাহা লিখিয়া
গিয়াছেন, আমি মেই সকল প্রমাণ উদ্ধৃত করিয়া অনুবাদ
করিলাম। ইহাতে যদি কোন জ্ঞাত বিষেব বা সম্প্রদায়
বিশেবের কোন নিগৃতত্ত্ব অথবা অপকৃতত্ত্ব প্রকাশিত হয়,
তাহাতে আমি ন্যায় অনুসাদে অনুযোজ্য হইতে পারি না।
তবে যদি নিতান্তই কাহারও অন্তকরণে অকারণ অসম্ভোষ
হয়ে, অনুগ্রহ পূর্ণক ক্ষমা করিবেন। অসমতিবিস্তরেণ।

১২ই আশ্বিন
১২৮২

কশিচৎ কর্মবলঞ্জনঃ।

ওঁ সত্যঃ

জয়তি ।

জাতি-মিত্র ।

—○—

মঙ্গলাচরণ ।

বন্দে শুরুং ত্রিজগদীশমপেতদোষঃ
ভুতোন্তৰং ভুবনভব্যভুবং ভবঞ্চ ।
মন্বাদয়ো মুনিগণা মনুজাক্ষ বন্দ্যাঃ
যেষাং বচো ভবতি ধর্মবিদ্বো প্রমাণম্ ॥১॥
ভুদেবৈঃ ক্রিয়তাং মহুষাপুরৈজেরাশীর্নমস্যঃ শুভা
ক্ষতা অপ্রমিক্রমাঃ পরিমুদং বুদ্ধিং নয়ন্ত ক্ষমাঃ ।

ত্রিজগতের ঈশ্বর সমস্তদোষরহিত শুরুদেবের বন্দনা
করি । তিনি, স্থুতপ্রপঞ্চের উৎপত্তিস্থান । ভুবনমিচয়ের
মঙ্গলভূগ্নি জ্ঞানপ্রদায়ক মহাদেবেরও বন্দনা করি । মনুপ্রভৃতি
ধর্মশাস্ত্র প্রণেতা মুনিগণ এবং যাঁহাদের বাক্যকলাপ ধর্ম-
বিধিতে প্রমাণস্বরূপ, সেই সকল মহানুভব মনুষ্যগণও
বন্দনীয় ।

মনুষ্যগণের অগ্রজাত নমস্য আশাগেরা শুভাশৌর্বাদ
করুন । অপ্রমেয়পরাক্রম ক্ষত্রিয়েরা আমাদের প্রীতি'বুদ্ধি'

বৈদ্যু নোহৃষুবণ্ণাভেবস্তু সকলাঃ প্রখ্যাতবৈশ্যাঞ্চকাঃ
সন্দাবঃ স্ববলপ্ত্যত্বাং চিরমুহৃচ্ছুড়েঃ শুভাকাঞ্জিভিঃ ॥১॥
অজ্ঞানক্ষমসেদানীম্, অক্ষবদ্বহবো জনাঃ ।
জাতিমূলং সমবেষ্টু নানা পন্থানমাঞ্চিতাঃ ॥২॥
কেচিদন্যপথাঙ্কৃষ্টাঃ কেচিং কুপথগামিনঃ।
পতন্তীতস্ততঃ কেচিং কেচিমানাবিজ্ঞিনঃ ॥৩॥
দৃষ্টৈতৎ শুজনা দয়ামুবশগা অমৃষ্টবংশোন্তবাঃ
আজ্ঞাঞ্চকুরিমাং প্রকাশযত নো মোহাককারাস্তকম্ ।

করুন ; স্ববিখ্যাত বৈশ্যাঞ্চক অমৃষ্টগণ আমাদের পৃষ্ঠ-
বল হউন ; এবং চিরমুহৃচ্ছ শুভাকাঞ্জী শৃদ্রেরাও সন্দাব
অবলম্বন করুন । ২

সম্প্রতি, অনেকে (অজ্ঞানাঙ্ককারে অন্ধ হইয়া) জাতির
মূলাব্বেষণ করিতে প্রবৃত্ত হইয়া নানা পথের পথিক হই-
যাচেন কিন্তু কেহই যথার্থ পথ বা মূলের নির্ণয় করিতে
পারিতেছেন না । ৩ তাঁহাদের মধ্যে কেহ পথাঙ্করেনীত হই-
যাচেন, কেহ বা কুপথগামী হইয়াছেন, কেহ বা দিশা-
হারা হইয়া ইতস্তত পতিত হইতেছেন এবং কেহ কেহ
কেবল নানাপ্রকার বিজ্ঞনা করিয়াই বেড়াইতেছেন । ৪

ইহা দর্শন করিয়া কতিপয় দয়াবান् অমৃষ্টবংশীয়
সদাশয় ব্যক্তি, আমাদিগকে এই আজ্ঞা করিয়াছিলেন যে,
তোমরা এমন কোন পুস্তক প্রকাশ কর, যদ্বারা লোকের
অমাঙ্ককার দূরীভূত হইয়া কান্ননিক লতাপরিণ্বত জাতি-

গ্রহং কঞ্জন যেন বীক্ষিতুমতঃ সর্বে উবেয়ুঃ ক্ষমাঃ
 নানাকালনিকা বৃগোতি লতিকা যজ্ঞাতিমুখং হি তৎ ॥৫
 অয়মুদয়তি তস্মাদ কাশকে জাতিমিত্রঃ *
 প্রভবতি কুত ঈষৎ কৌস্তুম্বস্য † প্রভাস্মিন् ।
 প্রথক্রিকরণতপ্তা কৌমুদী কুস্তিমুস্তি
 প্রপতিততপনাভো দর্পণে কু তৃঃখহেতুঃ ॥৬॥
 গ্রস্থঃ সন্তুষজাঃ নিয়োগবশতো যদ্যপ্যয়ঃ রাজতে
 অস্মাত্তীরচিতস্তথাপ্যভিনবস্তুদমুস্মিন্ কিল ।

মূল, সাধারণ সকল ব্যক্তিরই স্বপ্নের রূপে লক্ষিত হইতে
 পারে । ৫

সেই হেতু এই দীপ্তিকারক জাতিমিত্র * উদিত হই-
 তেছে । এই ক্ষণে ক্ষুদ্রপ্রভ কৌস্তুভের এ প্রভাব কোথায়
 থাকিবে ? আর রবিক্রিকরণতপ্তা কৌমুদীও কু মুস্তিত
 হউক । এই ক্ষণে সূর্যক্রিয় পতিত দর্পণবৎ দর্পণও কু
 তদনলমিগণের স্থর্থের দৃঢ় হেতুই হইবে । ৬

যদিও এই গ্রন্থ, কতিপয় বৈদ্যবংশীয় মহাশয়ের
 নির্দেশ ক্রমেই প্রকাশিত হইতেছে, তথাপি ইহা এক
 অভিনব বস্তু বলিয়া অমসঙ্গে হইবার বছল সন্তাবনা অত-

* সূর্য ও এতদ্ব গ্রন্থ ।

† কৌস্তুভনামক মণি ও কায়স্তকৌস্তুক গ্রন্থ ।

কু শাপলা ও কায়স্তকৌমুদী গ্রন্থ ।

কু মুকুর ও কায়স্তদর্পণ গ্রন্থ ।

সদ্বিদোষবিধো সমাধিরধুনা শ্বেৎসৈর্ক্ষিতেয়ো গৃহৈন-
রশ্বাকং চিৰবক্ষুভিণ্ড'ণিবৈৱঃ সাহায্যমালস্যতাম্ ॥৭॥

এব ভৱসা কৱি, সাধু ব্যক্তিৱা নিজ নিজ গুণস্থারা ভৱ
প্ৰমাদ সংশোধন কৱিয়া লইবেন। অপিচ আমাদিগেৱ
চিৰপৱিত্ৰ গুণিবৰ বক্ষুগণেৱ নিকট প্ৰাৰ্থনা যে, তাহারা
এই সময়ে সাহায্য প্ৰদান কৱিয়া আমাদিগকে উৎসাহিত
কৱেন। ৭

জাতিমিত্র ।

—○—

প্রথমভাগ ।

সংপ্রতি কায়স্থ জাতি বিষয়ক আন্দোলন বাহ্যিকপে অনেক স্থানে বিস্তৃত হইতে চলিল। সর্বপ্রথম রাজা রাজনারায়ণ বঙ্গ ভূমিতে এই প্রস্তাবের অবতারণা করেন যে, তাঁহাদের উপনয়নের অধিকার আছে, কায়স্থ জাতি ক্ষত্রিয়, তদমুকরণে কলিকাতা সিলিঙ্গা নিবাসী বাবু রাজনারায়ণ মিত্র কতকগুলি সংস্কৃত বচন ও কতকগুলি গ্রন্থের নাম সঞ্চলন করেন। তাহা হইতে কায়স্থকৌশল নামক গ্রন্থের স্থষ্টি হয়। তাহাতে অনেক কায়স্থ উৎসাহিত হন। রাজা রাধাকান্ত দেব বাহাদুর তদ্বিষয়ের অনুমোদন না করিয়া কায়স্থ জাতিকে শুদ্ধান্তর্গত বলিয়া স্বীকার করেন। তৎকৃত শব্দকল্পন্ত অভিধানে প্রথম কায়স্থ শব্দের অর্থ প্রকরণে তাহা স্পষ্টীকৃত রহিয়াছে। তাহাতেই অনেকে ভগোৎসাহ হইয়া অবনত হইয়া পড়েন। বাবু রাজেন্দ্রলাল মিত্র মৃতসংজ্ঞীবন্নী বিদ্যা বলে পুনর্বার তাহার জীব সঞ্চার করেন। রহস্যসন্দর্ভও কেবল কায়স্থ জাতিকে ক্ষত্রিয় শাখান্তর্গত বলিয়া ক্ষান্ত রহেন নাই। বৈদ্য জাতিরা বল্লাল মেনকে বৈদ্য বলিয়া পরিচয় দেন এবং এতদেশে কাণ্ড্যকুঞ্জ হইতে

আনীত সভৃত্য আক্ষণগণ বৈদ্য কর্তৃক সংস্থাপিত ও কৌলীন্য মর্যাদা প্রাপ্ত হইয়াছেন, বৈদ্য জাতির এই চিরপ্রিমিক গৌরব রহম্য সন্দর্ভ সহ্য করিতে না পারিয়া বল্লাল মেনকে বৈদ্য জাতি হইতে ছ্যুত করিয়া ক্ষত্রিয় শাখান্তর্পত কায়স্ত জাতি মধ্যে নিবিট করাইয়াছেন এবং বৈদ্য জাতির রাজবংশীয় গৌরব ও কৌলীন্য মর্যাদা দাতৃত্ব গৌরব অপহরণ করিয়া কায়স্ত জাতিকে তাহার স্বত্বান্তর করিতে যত্ন করিয়াছেন। অঙ্গ শব্দের চিরপ্রিমিক বৈদ্য অর্থের লোপ করিয়া এই শব্দের অশ্রুতপূর্ব অর্থ ক্ষত্রিয় শাখান্তর্পত কায়স্ত জাতি বলিয়াছেন। এতদুপলক্ষে তিনি ঈর্ষ্যা বা ক্ষেত্রের বশবর্তী হইয়া বৈদ্য জাতিকে দংশন করিতেও ক্রটি করেন নাই, বৈদ্য জাতি বর্ণসংক্রান্ত বিধায় তাহাদের প্রতি “খচর” ইত্যাদি অসঙ্গত শব্দেরও প্রয়োগ করিয়াছেন। ইনি নিজ বিদ্যা বৃদ্ধির প্রভাবে কতকগুলি প্রাচীন সংস্কৃত কথিতার অর্থান্তর এবং ভাবান্তর করিয়া সংস্কৃতান্ত্বিজ্ঞ যুবকগণকে বল্লাল মেনের জাতিনির্গম বিষয়ে সন্ধিক্রচেতা করিয়াছেন।

অন্ন দিন হইল, কোন কায়স্ত-প্রধান সমাজে কুলীন আক্ষণদিগের বহুবিবাহ প্রথার প্রতিকূলে প্রস্তাব হওয়াতে কোন কোন বহুবিবাহকুঠি আক্ষণ ঠাকুর বলিয়াছিলেন, “আক্ষণ সমাজের উপরে কর্তৃত্ব করিতে কায়স্ত শুদ্ধের কোন ক্ষমতা নাই, কায়স্ত-প্রধান সমাজে আক্ষণের কর্তব্যা-কর্তব্যের বিচার অনধিকার চর্চা হইতেছে” তাহাতে কোন কোন কায়স্ত বলিলেন “রাজা আদিশূর রাজা বল্লাল ক্ষত্রিয়

ছিলেন, বর্তমান কায়স্থ জাতিও ক্ষত্রিয় বংশজাত, ক্ষত্রিয় জাতি চিরকাল সকল সমাজের উপরে কর্তৃত করিয়া আসিয়াছেন, যখন প্রাক্কণেরা আমাদের দ্বারা (ক্ষত্রিয় দ্বারা) আনীত ও প্রতিষ্ঠিত এবং আমরাই (ক্ষত্রিয়েরাই) কুল-মর্যাদা প্রদান করিয়াছি, তখন সেই কুলমর্যাদা অনুসারে বহুবিবাহের কর্তব্যাকর্তব্য নিরূপণ বিষয়ে আমাদের সম্পূর্ণ শৰ্মতা আছে ।” এই ঘটনার পর অবধিই কোন কোন কায়স্থ যুবক ক্ষত্রিয় জাতি বলিয়া প্রতিপন্থ হইতে যত্নবান হন। কায়স্থ সমাজে ক্রমশঃ উহার আন্দোলন হইতে থাকে। ক্রমে ক্রমে দল বল সংগ্রহ হয়। অপরিচিতবিদ্য গৃহজাত বিজেরা আহ্লাদে উন্মত্ত হইয়া উঠেন। কোন কোন স্থানে শাখাসমাজেরও সংস্থাপন হইয়াছে। কোন কোন উষ্ণমন্ত্রিক্ষ যুবক আর ধৈর্যাবলম্বন করিতে পারিলেন না। তাঁহারা (অজাত পুত্রের নামকরণ) একেবারে গলায় যজ্ঞসূত্র তুলিয়া দিয়াছেন, কেহ বা স্বীয় নামের অন্তে ক্ষত্রিয় উপাধি বর্জ্যা শব্দের উল্লেখ করিতেছেন। ইঁহাদের শাস্ত্রবল ও পণ্ডিতবল আছে কিন। অদ্য পর্যন্ত জানা যায় নাই। কিন্তু দেখা যাইতেছে,—ধনবল, মুখবল, এবং অনভ্যস্তবিদ্য গৃহজাত কৃতবিদ্যবল বিলক্ষণ আছে। এ দিকে কতকগুলি সর্বসম্প্রদায়স্থ বুদ্ধ ও যুবক উহাদের অদৃষ্টপূর্ব অশ্রুত-পূর্ব অচুচিত ব্যবহার সহ্য করিতে না পারিয়া তৎপ্রতি-কূলে দণ্ডয়মান হইয়াছেন। তন্মিবক্ষন বিবাদ বিসংবাদ দলাদলি নানাপ্রকার গণগোল হইতেছে। এইস্ফেণে প্রায় অনেক স্থানেই ঐ প্রস্তাবের আন্দোলনের কথা শুনা যায়।

ভাগলপুর অঞ্চলে গবর্ণমেন্টের বিচারালয়ে কায়স্থ জাতির এক পোষ্যপুত্রের মোকদ্দমা উপলক্ষে কায়স্থগণ কোন্ জাতি মধ্যে পরিগণিত এবং তাহাদের দান প্রতি-গ্রহের অধিকার আছে কি না ? পোষ্যপুত্র গ্রহণ কালীন তাহাদের ঘজের প্রয়োজন হইবে কিনা এবং পোষ্যপুত্র গ্রহণের ও দানের মন্ত্রপাঠ করিতে হইবে কি না ? এই সকল বিষয়ের তর্ক হইয়া কমিসন দ্বারা নানা স্থান হইতে জবানবন্দী গ্রহণ করা হইতেছে, কায়স্থের জাতিবিচারে গবর্ণমেন্টকেও বিলক্ষণ ব্যতিব্যস্ত করিয়া তুলিল।

কেহ বলেন, কায়স্থ জাতি ভারত ক্ষত্রিয় সন্তান। ইহাদের সাবিত্রী মন্ত্র ও উপনয়নের অধিকার নাই। কেহ বলেন, ক্রিয়া লোপ হেতু যে সকল ক্ষত্রিয় বৃষ্টলঙ্ঘ প্রাপ্ত হইয়াছে, তাহারাই এইক্ষণে কায়স্থ নামে খ্যাত। কেহ বলেন, সগর রাজা কতকগুলি বিপক্ষ ক্ষত্রিয়কে আচারণ্বক্ষ করিয়া তাড়িত করেন, তদবধি যাহারা আচারহীন ও ঘজেপবৈত ত্যাগ করিয়া লুকায়িত ছিল, তাহারা এইক্ষণে কায়স্থ নামে খ্যাত। কেহ বলেন, পরশুরামের ভয়ে কতকগুলি ক্ষত্রিয় আচারহীন হইয়া ভোক্ষণের দাসত্ব করিত, তাহারাই কায়স্থ। কেহ বলেন, চন্দ্রমেন রাজার স্ত্রী পরশুরামের ভয়ে দাল্ভ্য মুনির আশ্রমে পলায়ন করেন। তিনি গর্ভবতী ছিলেন। পরশুরাম ঐ গর্ভস্থ সন্তান নষ্ট করিবার জন্য মুনির আশ্রমে উপস্থিত হন। তখন মুনি বলিলেন, গর্ভস্থ সন্তান জননীর কায়ার ভিতরে লুকায়িত আছে, অদ্যাবধি উহাকে কায়স্থ বলা গেল, উহাকে আর ক্ষত্রিয় বলা যাইবে না। তদ বধি

কায়স্থ জাতির স্থষ্টি । কেহ বলেন, কায়স্থজাতি ব্রহ্মার শরীর হইতে উৎপন্ন যমরাজার মোহরি চিত্রগুণের বংশ । কেহ বলেন, ব্রহ্মার পদ হইতে শুদ্ধের ন্যায় কায়স্থেরও উৎপত্তি হইয়াছে । কায়স্থ জাতি ব্রাহ্মণের সেবা করিয়া শুদ্ধ হইতে উৎকৃষ্ট ক্ষত্রিয় বৈশ্যের তুল্যত্ব লাভ করিয়াছে । কেহ বলেন, কায়স্থ জাতি শুদ্ধ জাতির মধ্যে পরিগণিত । ইহাদের শুদ্ধবৎ আচার ব্যবহার এবং শুদ্ধবৎ দ্বিজসেবাই ধর্ম । কেহ বলেন, বৈশ্য ও শুদ্ধ হইতে যে করণ জাতির উৎপত্তি হয়, তাহারাই কায়স্থ । এই প্রকার কায়স্থ জাতি বিষয়ে নানা জনে নানা প্রকার বলিতেছে, কোন মতের স্থিরতা নাই, পরম্পর কোন মতের সহিত কোন মতের ক্রিয়ও নাই । যাহার যেমন ইচ্ছা, সেই তাহাই বলে । কেহ বলেন, অঞ্চলপুরাণে প্রমাণ আছে, কেহ বলেন, স্ফন্দপুরাণে, কেহ বলেন, মহাভারতে, কেহ বলেন, বিষ্ণুপুরাণে, কেহ বলেন, ব্রহ্মবৈবর্তপুরাণে, কেহ বলেন, স্মৃতিশাস্ত্রে, কেহ বলেন, তন্ত্রশাস্ত্রে, ইহার প্রমাণ আছে । কেহ কেহ বা “কায়স্থঃ ক্ষত্রিয়ো বর্ণো ন চ শুদ্ধঃ কদাচন” কায়স্থকৌন্তুভ-লিখিত এই শ্লোকাঙ্কের উল্লেখ করেন । তচ্ছিন্ন কোন বচন প্রমাণ শাস্ত্র কাহারে মথে শুনা যায় না । ঐ বচন কোন গ্রন্থের লিখিত, তাহারও উল্লেখ নাই । কল্পনা দেবীর প্রাসাদাঙ্গ সকলেই বাচস্পতি । কেহ কেহ উপকথাকে প্রমাণ করিতেছেন, কেহ কেহ বা কায়স্থ জাতিকে অন্ত্যজ জাতিমধ্যে নিবিষ্ট করিতে চাহেন । উভয় পক্ষেরই বিলক্ষণ বাগাড়স্থরের সহিত সময়ে সময়ে তুমুল বাক্যযুক্ত

হইয়া থাকে। এ সময়ে অনেকেই কায়স্ত জাতির প্রকৃত তত্ত্ব ও বল্লাল সেনের জাতি নিশ্চয় জানিতে সংগৃহ ক হইয়াছেন, অতএব কায়স্ত জাতির ও বল্লাল সেনের জাতির নিরূপণ বিষয়ে শান্তীয় প্রমাণ যুক্তি প্রভৃতির যতদূর সংগ্ৰহ কৱিতে পারিয়াছি, তন্দনোলনে প্ৰয়োজন হইলাম।
“বেদাঃ প্ৰমাণঃ সৃতযঃ প্ৰমাণঃ ধৰ্মার্থযুক্তঃ বচনঃ প্ৰমাণম্।
যস্য প্ৰমাণঃ ন তবেং প্ৰমাণঃ ন তস্য কৃষ্ণাদ্বচনঃ প্ৰমাণম্॥”
প্ৰায়শিক্ষিতক্ত্বে কৃতবচনম্।

বেদ সকল প্ৰমাণ, সৃতি সকল প্ৰমাণ, ধৰ্মার্থযুক্ত বচন অর্থাৎ পুৱাগান্দিও প্ৰমাণ। এই সকল প্ৰমাণকে অর্থাৎ বেদ সৃতি পুৱাগান্দিকে যে আমাণ্য না কৱে তাহার বাক্যেরও আমাণ্য হয় না। তাহা অগ্ৰাহ্য বাক্য।

হিন্দুশাস্ত্ৰ মধ্যে সৰ্ব প্ৰধান বেদ, অতএব সৰ্ববাদী বেদের আমাণ্য, তৎপৰে সৃতির আমাণ্য, তৎপৰে পুৱাগান্দির আমাণ্য। ব্যাস বলিয়াছেন।

“ক্ষতিগ্রস্তিপুৱাগানাং বিরোধে যত্ত দৃশ্যাতে।
তত্ত শ্রোতঃ প্ৰমাণঃ হি তয়োর্বৈধে স্মৃতির্বারা ॥”

শ্রুতি সৃতি পুৱাগের যে স্থলে বিরোধ দেখা যায় সেখানে শ্রুতিরই আমাণ্য। বেথানে সৃতির ও পুৱাগের বৈধ অর্থাৎ বিরোধ হয়, সেখানে সৃতি শ্ৰেষ্ঠ।

সৃতির মধ্যে সৰ্বসৃতি অপেক্ষা মনুসৃতি প্ৰশংসন।
যদাহ পৱাশৰঃ।

“ন কশিদ্বেদকৰ্ত্তা চ বেদযৰ্ত্তা চতুর্মুখঃ।
তৈথেব ধৰ্মং অৱতি মহুঃ কল্পান্তুরান্তুরে ।”

বেদের কর্তা কেহ নাই, অক্ষা বেদের শ্মরণ করিয়াছেন,
এই প্রকার বেদ হইতে কল্পাস্তরে কল্পাস্তরে মনু ধর্মের
শ্মরণ করিয়াছেন।

“বেদার্থোপনিবক্ত্বাং প্রাধান্যঃ হি মনোঃ শৃতম্।
মৰ্বথবিপরীতা যা স। শ্রতিন্ম’ প্রশস্যাতে ॥”

ইতি বৃহস্পতিঃ ।

মনু বেদার্থের উপনিবক্তন করিয়াছেন, অতএব সর্ব
শৃতি অপেক্ষা মনুশ্চৃতির প্রাধান্য। মৰ্বথের বিপরীত
যে শৃতি তাহা প্রশস্তা নহে। শ্রতিতেও বলিয়াছেন।

মনুবৈ যৎকিঞ্চিদবদ্য তদ্বেষজং ভেষজতায়াঃ ।

ইত্যাদি ।

ইহার তাৎপর্য এই যে, কোন বিষয়ের বিবাদ বা সন্দেহ
উপস্থিত হইলে শ্রতি শৃতি পুরাণাদি দ্বারা তাহার
মীমাংসা করিতে হয়। তন্মধ্যে সর্বাপেক্ষা শ্রতির প্রা-
মাণ্য, তদভাবে শৃতির প্রামাণ্য। সেই শৃতির মধ্যেও
সর্ব শৃতি অপেক্ষা মনুশ্চৃতির প্রামাণ্য। শৃতির অভাবে
পুরাণের প্রামাণ্য, পুরাণ দ্বারা ও যাহার মীমাংসা না হয়,
তাহার মীমাংসা করিতে হইলে প্রাচীন প্রসিদ্ধ বাক্য, তদ-
ভাবে চির প্রচলিত সর্ববজন মানিত কিংবদন্তী, তদভাবে
বিশেষ বিশেষ ঘূর্ণির অবলম্বন করিতে হয়। আমরা
পূর্বে প্রকাশ করিয়াছি, কায়স্ত্রের কোন জাতির অন্তর্নি-
বিষ্ট এবং বল্লাল সেন কোন জাতি ছিলেন, তদুপলক্ষে

বঙ্গদেশের নানা স্থানে নানাপ্রকার তর্ক ও অনেকের
সন্দেহ উপস্থিত হইতেছে। আমরা যতদুর পারি শাস্ত্ৰীয়
গ্ৰন্থাদি সংগ্ৰহ কৱিয়া তাহার মীমাংসা কৱিতে চেষ্টা
কৱিব। সেই প্ৰতিজ্ঞানুসাৰে আমরা প্ৰথম শ্ৰান্তিৰ (তৎ-
পৱে স্মৃতিৰ) মধ্যেও প্ৰথম মনুস্মৃতিৰ তৎপৱে
যাঙ্গভবনক্যাদি স্মৃতিৰ, তৎপৱে পুৱাণেৱ, তৎপৱে তত্ত্বেৱ,
তৎপৱে প্ৰাচীন প্ৰমিল বচনেৱ, তৎপৱে প্ৰচলিত সৰ্ব-
মাৰ্বনিত কিংবদন্তীৱ, তৎপৱে বিশেষ বিশেষ যুক্তিৰ অব-
লম্বন কৱিয়া প্ৰথম বৰ্ণ চতুষ্টয়েৱ নিৱৰ্পণ, তৎপৱে বৰ্ণ-
সংক্ৰান্ত জাতিৰ নিৱৰ্পণ, তাহাদিগেৱ আচাৰ ব্যবহাৱ, কায়স্থ
শব্দেৱ অৰ্থ ও শ্ৰেণী বিভাগ, আদিশূল কৰ্ত্তৃক ব্ৰাহ্মণ
শূদ্ৰেৱ আনয়ন বৃত্তান্ত, বন্নাল সেনেৱ জাতি নিৱৰ্পণ,
অৰ্থান্তৰ গৃহীত এবং ভাৰান্তৰ গৃহীত প্ৰাচীন সংস্কৃত বচন
গুলিৱ অহৃত অৰ্থ ও ভাৱ গ্ৰহণ ইত্যাদি বিষয়ে প্ৰযুক্ত
হইলাম।

তত্ত্বাদী শ্ৰতিঃ ।

“ ব্ৰাহ্মণে ইম মুখ মাসীহাতু রাজন্যকৃতঃ ।

উক তদম্য যৈছেশ্যঃ পদ্ম্যাং শৃঙ্গোহজায়ত ॥”

সষ্ঠিকৰ্ত্তাৰ মুখ হইতে ব্ৰাহ্মণ, বাহু হইতে ক্ষত্ৰিয়,
উরু হইতে বৈশ্য, পদ্মবয় হইতে শুদ্ৰ জন্মিয়াছে। অৰ্থাৎ
সৰ্ব প্ৰধান ব্ৰাহ্মণ, বেদাধ্যাপনাদি ধৰ্ম, তন্মুন ক্ষত্ৰিয়,
অন্তৰ শাস্ত্ৰাদি ধাৰণ যুক্ত বিশ্বাদি ধৰ্ম, তন্মুন বৈশ্য, কৃষি
বাণিজ্য পশুপালন ধৰ্ম, তন্মুন শুদ্ৰ, দ্বিজাতিৰ পদ সেবাদি

ধর্ম; অতএব ইহাদের উৎপত্তি মুখ, বাহু, উরু, পাদ হইতে কল্পিত হইয়াছে।

কেহ কেহ বলেন, সর্বশক্তিমান् পরমেশ্বর প্রথমে ব্রাহ্মণদির লিঙ্গশরীর দৈবী শক্তি দ্বারা মিশ্রাণ করিয়াছেন। উক্ত প্রমাণ স্থূল শরীর বিষয়ক নহে। শক্তিদ্বারা কেবল এইমাত্র সপ্রমাণ হইতেছে যে, স্ফৰ্ষিকর্ত্তার মুখ, বাহু, উরু ও পাদ হইতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়বৈশ্য শূদ্র, এই বর্ণচতুর্ভুষ মাত্রের উৎপত্তি হইয়াছে। ব্রহ্মার কায় হইতে অন্য কোন বর্ণের উৎপত্তির প্রমাণ শক্তিতে পাওয়া যায় না, স্বতরাং ব্রাহ্মণ ক্ষত্রিয়, বৈশ্য শূদ্র ভিন্ন যত জাতি আছে, তাহারা বর্ণসংক্রম। মনু বলিয়াছেন।

“লোকানন্ত বিরুদ্ধার্থঃ মুখবাহুকপাদতঃ।

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ঃ বৈশ্যঃ শূদ্রঃ নিরবর্ত্তয়ঃ।”

তগবান্ স্বয়স্তু লোক বৃক্ষের জন্য মুখ বাহু উরু ও পাদ হইতে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রের স্ফৰ্ষিক করিয়াছেন।

“ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ে। বৈশ্যস্ত্রয়ো বর্ণ দ্বিজাতয়ঃ।

চতুর্গ একজাতিস্তু শূদ্রো নাস্তি তু পঞ্চমঃ।”

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য, এই তিনি বর্ণ দ্বিজাতি অর্থাৎ এই বর্ণবর্যের উপনয়নাদি সংস্কার আছে। অতএব ইহারা দ্বিজশব্দ বাচ্য। চতুর্থ বর্ণ শূদ্র, ইহার উপনয়ন নাই, অতএব ইহাকে * দ্বিজাতি না বলিয়া এক জাতি বলা গেল। পঞ্চম

* যাহাদের উপনয়ন সংস্কার আছে তাহাদিগকে দ্বিজ বা দ্বিজাতি কহে, যাহাদের উপনয়ন সংস্কার নাই, তাহাদিগকে একজ বা একজাতি কহে।

ବର୍ଣ୍ଣ ନାହିଁ । ଇହାର ତାৎପର୍ୟ ଏହି, ବ୍ରାକ୍ଷଣ କ୍ଷତ୍ରିୟ ବୈଶ୍ୟ ଶୁଦ୍ଧ
ଭିନ୍ନ ଯତ ଜୀତି ଆଛେ, ତାହାରା ବର୍ଗ ଶବ୍ଦ ବାଚ୍ୟ ନହେ,
ଉତ୍ଥାଦିଗଙ୍କେ ବର୍ଗସଙ୍କରବା ମନ୍ତ୍ରର ଜୀତି କହେ ।

“ ସର୍ବବର୍ଣ୍ଣୁ ତୁଲ୍ୟାମ୍ବୁ ପଞ୍ଚୀୟ କଷତ୍ଯୋନିଷ୍ଠୁ ।

ଆମୁଲୋମ୍ୟେନ ମୁଣ୍ଡତ୍ଵା ଜୀତ୍ୟା ଜେରାସ୍ତେବ ତେ । ”

ମନୁଃ ।

ବ୍ରାକ୍ଷଣ କ୍ଷତ୍ରିୟ ବୈଶ୍ୟ ଶୁଦ୍ଧ, ଏହି ସକଳ ବର୍ଗ ହଇତେ ଅକ୍ଷତ-
ଯୋନି ବିବାହିତା ତୁଲ୍ୟା (ସମାନବର୍ଣ୍ଣା) ପଞ୍ଚାତେ ଆନୁକ୍ରମିକ
ଅର୍ଥାତ୍ ବ୍ରାକ୍ଷଣ ଦ୍ୱାରା ଅକ୍ଷତଯୋନି ବିବାହିତା ବ୍ରାକ୍ଷଣୀତେ,
କ୍ଷତ୍ରିୟ ଦ୍ୱାରା ଅକ୍ଷତଯୋନି ବିବାହିତା କ୍ଷତ୍ରିୟାତେ, ବୈଶ୍ୟଦ୍ୱାରା
ଅକ୍ଷତଯୋନି ବିବାହିତା ବୈଶ୍ୟାତେ, ଶୁଦ୍ଧଦ୍ୱାରା ଅକ୍ଷତଯୋନି
ବିବାହିତା ଶୁଦ୍ଧାତେ ଯେ ସକଳ ମୁଣ୍ଡାନ ଜନ୍ମିଯାଛେ, ତାହାରା
ମେହି ବ୍ରାକ୍ଷଣ ବର୍ଗ, କ୍ଷତ୍ରିୟ ବର୍ଗ, ବୈଶ୍ୟ ବର୍ଗ, ଶୁଦ୍ଧବର୍ଗଇ ହଇଯାଛେ ।
ଯାହାରା ଅମାନ ବର୍ଣ୍ଣରେ ଯଥା—ବ୍ରାକ୍ଷଣ ଦ୍ୱାରା କ୍ଷତ୍ରିୟାତେ,
କ୍ଷତ୍ରିୟ ଦ୍ୱାରା ବୈଶ୍ୟାତେ, ଇତ୍ୟାଦିକ୍ରମେ ଜନ୍ମିଯାଛେ, ତାହାରା
ମେହି ମେହି ବର୍ଗ ବା ମେହି ମେହି ଜୀତି ହଇତେ ପାରେ ନାହିଁ,
ଏବଂ ଯାହାରା ଅକ୍ଷତଯୋନି ବିବାହିତା ସ୍ତ୍ରୀତେ ଜନ୍ମ ଗ୍ରହଣ
କରିତେ ପାରେ ନାହିଁ ଅର୍ଥାତ୍ ଅନ୍ୟ ପୁରୁଷ କର୍ତ୍ତ୍ରକ ବିବାହିତା ସ୍ତ୍ରୀତେ
ମମାନ ବର୍ଗଦ୍ୱାରା ଓ ଯେ ସକଳ ଝାରଜ ଗୋଲକ ପ୍ରଭୃତି

ଝାରଜଃ କୁଣ୍ଡୋ ମୁତେ ଭର୍ତ୍ତରି ଗୋଲକଃ ।” ସ୍ଵାମୀର ମୃତ୍ୟୁ
ନୀ ହଇତେ ଅନ୍ୟ ପୁରୁଷ ଦ୍ୱାରା ବେ ମୁଣ୍ଡାନ ଜନ୍ମେ ତାହାକେ ଜାରଜଃ ଏବଂ
କୁଣ୍ଡ କହେ । ସ୍ଵାମୀର ମୃତ୍ୟୁ ହଇଲେ ଅନ୍ୟ ପୁରୁଷ ଦ୍ୱାରା ଯେ ମୁଣ୍ଡାନ ଜନ୍ମେ
ତାହାକେ ଗୋଲକ କହେ ।

সন্তান জন্মিয়াছে, তাহারা পিতৃ মাতৃ বর্ণ হয় নাই, তাহা-
দিগকেও বর্ণসঙ্কর বা পিতৃ মাতৃ জাতি হইতে বিভিন্ন
জাতি জানিতে হইবে ।

তৎপ্রমাণং যথা কুলুকভট্টেক্তুদেবগবচনম् ।

“ দ্বিতীয়েন তু যঃ পিতৃ সবর্ণায়ং প্রজায়তে ।

অবাবট ইতি খ্যাতঃ শুদ্ধধর্মঃ স জাতিতঃ । ১ ।

অতহীনা ন সংস্কার্য্যাঃ স্বতন্ত্রাস্পি যে স্মৃতাঃ ।

উৎপাদিতাঃ সবর্ণেন ব্রাত্যা ইব বহিক্তাঃ । ২ ।

সবর্ণাতে ও দ্বিতীয় পিতা দ্বারা অর্থাৎ মিনি যথাবিধান
ক্রমে অক্ষতযোনি পঞ্চী রূপে এহণ না করিয়াছিলেন,
তাহাদ্বারা যে সন্তান জন্মে, দেই সন্তান অবাবট নামে
খ্যাত এবং শুদ্ধধর্ম । ১

যে সকল সন্তান অতহীন, সংস্কারহীন এবং যাহারা
অন্যন্তীতে উৎপাদিত, তাহারা সবর্ণদ্বারা (সমানবর্ণদ্বারা)
উৎপন্ন হইলেও ভ্রাতোর ন্যায় (পতিতের ন্যায়) বহিক্ত । ২

“ সবর্ণেত্যঃ সবর্ণস্ম জায়তে হি সজাতয়ঃ ।

অনিন্দ্যেষ্য বিবাহেষু পুত্রাঃ সন্তানবর্দ্ধনাঃ ।

ইতি যাজবলক্যঃ ।

সমানবর্ণ হইতে সমানবর্ণ স্তীতে অনিন্দ্য বিবাহজাত
যে সকল সন্তান, যথা ভ্রান্তান দ্বারা যথাবিহিত অক্ষত-
যোনি বিবাহিতা ভ্রান্তানে, ক্ষত্রিয় দ্বারা যথাবিহিত অক্ষত-
যোনি বিবাহিতা ক্ষত্রিয়ানে, বৈশ্য দ্বারা যথাবিহিত অক্ষত-
যোনি বিবাহিতা বৈশ্যানে এবং শুদ্ধ দ্বারা বিবাহিতা
শুদ্ধানে যে সকল পুত্র উৎপন্ন হইয়াছে, তাহারাই পিতৃ-
জাতি মাতৃজাতি প্রাপ্ত হইয়া বংশ বর্কক হইয়াছে ।

ସମାନବର୍ଣ୍ଣଙ୍କ ପୁତ୍ରାଃ ସମାନବର୍ଣ୍ଣ ଡବଣ୍ଟି ।

ଅନୁଲୋମାନ୍ତ ମାତୃବର୍ଣ୍ଣାଃ । ପ୍ରତିଲୋମାନ୍ତାର୍ଥ୍ୟଧର୍ମବିଗହିତାଃ ॥

ବିଷୁମଂହିତା ।

ସମାନବର୍ଣ୍ଣ ଦ୍ୱାରା ସମାନବର୍ଣ୍ଣ ଦ୍ୱୀତେ ଯେ ସକଳ ସନ୍ତାନ ଜନିଯାଇଛେ, ତାହାରା ସମାନବର୍ଣ୍ଣ ହଇଯାଇଛେ । ସଥା ବ୍ରାକ୍ଷଣଦ୍ୱାରା ବ୍ରାକ୍ଷଣିତେ ବ୍ରାକ୍ଷଣବର୍ଣ୍ଣ, କ୍ଷତ୍ରିଯଦ୍ୱାରା ବୈଶ୍ୟବର୍ଣ୍ଣ, ଶୁଦ୍ଧଦ୍ୱାରା ଶୁଦ୍ଧାତେ ଶୁଦ୍ଧବର୍ଣ୍ଣ ହଇଯାଇଛେ । ଅନୁଲୋମା ଦ୍ୱୀତେ (ଉଚ୍ଚ ଜାତୀୟ ପୁରୁଷଦ୍ୱାରା ନୀଚ-ଜାତୀୟା ଦ୍ୱୀତେ) ସଥା ବ୍ରାକ୍ଷଣଦ୍ୱାରା କ୍ଷତ୍ରିଯା ବୈଶ୍ୟା ବା ଶୁଦ୍ଧାତେ, କ୍ଷତ୍ରିଯଦ୍ୱାରା ବୈଶ୍ୟା ବା ଶୁଦ୍ଧାତେ, ବୈଶ୍ୟଦ୍ୱାରା ଶୁଦ୍ଧାତେ ଯେ ସକଳ ସନ୍ତାନ ଜନିଯାଇଛେ, ତାହାରା ମାତୃଧର୍ମ ପ୍ରାପ୍ତ ହଇଯାଇଛେ । ପ୍ରତିଲୋମା ଦ୍ୱୀତେ (ନୀଚ ଜାତୀୟ ପୁରୁଷ ଦ୍ୱାରା ଉଚ୍ଚ ଜାତୀୟା ଦ୍ୱୀତେ) ସଥା କ୍ଷତ୍ରିଯଦ୍ୱାରା ବ୍ରାକ୍ଷଣିତେ ବା ବୈଶ୍ୟ ଦ୍ୱାରା କ୍ଷତ୍ରିଯା ବ୍ରାକ୍ଷଣିତେ, ଶୁଦ୍ଧଦ୍ୱାରା ବୈଶ୍ୟା କ୍ଷତ୍ରିଯା ବା ବ୍ରାକ୍ଷଣିତେ ଯେ ସକଳ ସନ୍ତାନ ଜନିଯାଇଛେ, ତାହାରା ଆର୍ୟଧର୍ମ ବିଗହିତ ଅର୍ଥାତ୍ ଦ୍ଵିଜ-ତିର ବହିଭୂତ ଉପନୟନାଦି ସଂକାରେର ଅଯୋଗ୍ୟ ନିନ୍ଦିତ ସନ୍ତାନ ।

ଉଲ୍ଲିଖିତ ଶୂତିବଚନମୟୁହ ଦ୍ୱାରା କେବଳ ବ୍ରାକ୍ଷଣ କ୍ଷତ୍ରିଯ ବୈଶ୍ୟ ଶୁଦ୍ଧ, ଏହି ବର୍ଣ୍ଣତୁଟିଯେର ଉଂପନ୍ତିର କଥା କଥିତ ହିଲ ।

ବ୍ରାକ୍ଷଣାଦି ଜାତିଚତୁର୍କ୍ଷୟ ଭିନ୍ନ ଅନ୍ୟ ଜାତିର ବର୍ଣ୍ଣ ପ୍ରତିପାଦନ କିଂବା ବ୍ରଦ୍ଧାର କାଯ ହିତେ ବ୍ରାକ୍ଷଣାଦି ବର୍ଣ୍ଣର ଉଂପନ୍ତି ଭିନ୍ନ କାଯଙ୍କ ବର୍ଣ୍ଣର ଉଂପନ୍ତି ଶୂତିଦ୍ୱାରା ପ୍ରମାଣିତ ହିତେହେ ନା ଏବଂ କାଯଙ୍କ ଜାତିର କ୍ଷତ୍ରିଯବର୍ଣ୍ଣଭିଧ୍ୟକ ପ୍ରମାଣ ପାଓଯା ଯାଏ ନା ।

অথানুলোমজাতয়ঃ ।

পূর্বে বর্ণচতুষ্টয়ের আনুক্রমিক সমানবর্ণজাত, মজাতীয় সন্তানের কথা উল্লেখ হইয়াছে। অধুনা অসমান-বর্ণজাত, অসমান জাতি প্রাপ্ত বর্ণসংক্রম অনুলোমজ সন্তানগণের কথার উল্লেখ হইতেছে।

“ শ্রীমনস্ত্রজাতাস্ত্র দ্বিজেরুংপাদিতান্স্ত্রতান্।
সদৃশানেব তানাহৰ্মত্তদোষবিগহির্তান্॥”

মনুঃ ।

দ্বিজাতি দ্বারা অনন্তর জাতীয়া পত্রীতে অর্থাৎ ব্রাহ্মণ-দ্বারা ক্ষত্রিয়াতে বৈশ্যাতে, ক্ষত্রিয় দ্বারা বৈশ্যাতে এবং দৈশ্যদ্বারা শৃঙ্গাতে যে সকল সন্তান জন্মিয়াছে, তাহারা মাতৃদোষ বিগহিত অর্থাৎ মাতা হীন জাতি হইলেও পিতৃজাতি সদৃশ। পিতৃ সদৃশ বলার তাৎপর্য এই যে, পিতৃ-সমানজাতি না হইয়া পিতৃজাতি অপেক্ষা নিকুঠি, মাতৃজাতি অপেক্ষা উৎকুষ্ট মাতৃ পিতৃ জাতি হইতে পৃথক্ একজাতি হইবে। যথা ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়াতে শৃঙ্গাভিঘিত, ক্ষত্রিয়-দ্বারা বৈশ্যাতে মাহিয়, বৈশ্য দ্বারা শৃঙ্গাতে করণ জাতি হইয়াছে।

“ব্রাহ্মণদ্বৈশ্যকন্যায়াম্বুদ্ধেষ্ঠো নাম জায়কে ।
নিষাদঃ শৃঙ্গকন্যায়াঃ যঃ পারশ্বব উচ্যতে ॥”

মনুঃ ।

আঙ্গণ হইতে বিবাহিতা বৈশ্যকন্যাতে অস্তর্ত, (বৈদ্য) আঙ্গণ হইতে বিবাহিতা শুদ্ধকন্যাতে নিষাদ জন্মিয়াছে। নিষাদ জাতির অপর নাম পারশ্ব।

“ক্ষত্রিয়াচ্ছুদ্ধ কন্যায়ঃ ক্রুরাচারবিহারবান् ।
ক্ষত্রশুদ্ধবপুজ্ঞকুঠগ্রো নাম প্রজায়তে ॥,

ময়ঃ ।

ক্ষত্রিয় হইতে বিবাহিতা শুদ্ধাতে ক্রুরচেষ্ট ও নির্ষুর-কর্মনিরত ক্ষত্র শুদ্ধ স্বভাব উগ্রজাতি (আগুরি জাত) জন্মিয়াছে।

“বিপ্রস্য ত্রিষ্ণু বর্ণেষ্ম নৃপতেব রংয়ে। ছয়োঃ ।
বৈশ্যস্য বর্ণে চৈকশিন্ম ষড়তেহপসদাঃ শৃতাঃ ॥”

ময়ঃ ।

আঙ্গণের ক্ষত্রিয় বৈশ্য শুদ্ধ, এই তিনি বর্ণেতে, ক্ষত্রিয়ের বৈশ্য শুদ্ধ, এই দুই বর্ণেতে, বৈশ্যের শুদ্ধ এই এক বর্ণেতে জাত যে ছয় সন্তান, তাহারা সবর্গজাত পুত্র অপেক্ষা নিকৃষ্ট হইবে।

“বিপ্রাঞ্চু র্দ্বাজ্ঞিয়েতো হি ক্ষত্রিয়ায়ঃ বিশক্রিয়ায় ।
অস্তঃ শুদ্ধ্যাঃ নিষাদৌ জাতঃ পারশ্ববোহপি বা ॥
বৈশ্যাশুদ্ধ্যোন্ম রাজন্যাঃ মাহিষ্যাপ্রোতথা স্থতো ।
বৈশ্যাত্মু করণঃ শুদ্ধ্যাঃ বিষাদ্যে বিদিঃ শৃতঃ ॥”

যাজবলকঃ ।

আঙ্গণ হইতে বিবাহিতা ক্ষত্রিয়াতে মূর্দ্বাভিষিক্ত, বিবাহিতা বৈশ্যাতে অস্তর্ত, বিবাহিতা শুদ্ধাতে নিষাদ (পারশ্ব) জন্মিয়াছে। ক্ষত্রিয় হইতে বিবাহিতা বৈশ্যাতে

মাহিষ্য, বিবাহিতা শূদ্রাতে উগ্র, (আগুরি) বৈশ্য হইতে বিবাহিতা শূদ্রাতে করণ জাতি জন্মিয়াছে ।

“ মাহিষ্যেণ করণ্যাত্ত্ব রথকারঃ প্রজায়তে ।

অসৎসন্ত্ব বিজেরাঃ প্রতিলোমাশুলোমজাঃ ॥”

মাহিষ্য দ্বারা করণীতে রথকার জাতির জন্ম, প্রতিলোম ক্রমে (মীচ জাতি দ্বারা উচ্চ জাতিতে, যাহাদের জন্ম, তাহারা অসৎ (নিন্দিত জাতি) অশুলোম ক্রমে (উচ্চ জাতি দ্বারা নীচ জাতিতে) যাহাদের জন্ম, তাহারা সৎ (অনিন্দিত) জাতি ।

“শূদ্রাঃ বৈশ্যতশ্চোর্যাঃ কটকার ইতি স্মৃতঃ ।”

উশনঃসৎহিতা ।

বৈশ্য হইতে শূদ্রাতে কটকার জাতি জন্মিয়াছে । দ্বিজাতির (ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের) শূদ্র কন্যা বিবাহ প্রশস্ত নহে, উহা নিন্দিত ।

যদাহ ব্যাসঃ ।

“ ন চ শূদ্রাঃ প্রিঙ্গঃ কশ্চিজ্ঞাধমঃ পূর্ববর্ণজ্ঞাম् ।”

স্বিজেরা শূদ্রকন্যা বিবাহ করিবে না এবং নীচ বর্ণেরা উচ্চ বর্ণের কন্যা বিবাহ করিবে না । তাদৃশ বিবাহই অপ্রশস্ত (নিন্দিত) ।

অথ প্রতিলোকজাতয়।

‘ক্ষত্রিয়ান্বিপ্রকন্যায়াঃ স্মৃতে ভবতি জাতিতঃ।
 বৈশ্যান্মাগধৈবদেহৈ রাজবিপ্রাক্ষনাস্মৃতে॥
 শুদ্ধদ্বারায়োগবঃ ক্ষত্র চণ্ডালশাধমে নৃণাম্।
 বৈশ্য-রাজন্য-বিপ্রামু জায়ন্তে বর্ণসঙ্করাঃ॥’

মন্ত্ৰঃ।

ক্ষত্রিয় ইইতে ব্রাহ্মণ কন্যাতে সূত জাতি, বৈশ্য
হইতে ক্ষত্রিয়াতে, মাগধজাতি, ব্রাহ্মণীতে বৈদেহজাতি,*
শুদ্ধ দ্বারা বৈশ্যাতে আয়োগব, ক্ষত্রিয়াতে ক্ষত্র, ব্রাহ্মণীতে
নরাপম চণ্ডাল জন্মিয়াছে। ইহারা সকলেই বর্ণসঙ্কর।

‘তত্ত্ব বৈশ্যাপুত্রঃ শুদ্ধেণায়োগবঃ।
 মাগধক্ষত্রৌ ক্ষত্রিয়াপুত্রৌ বৈশ্যশুদ্ধাভ্যাম্।
 চণ্ডাল-বৈদেহক-স্মৃতাশ ব্রাহ্মণীপুত্রাঃ শুদ্ধবিট্ক্ষত্রিয়েঃ।
 সঙ্করসঙ্করশচাসংখ্যেয়াঃ। বিষ্ণুসংহিতা।

শুদ্ধদ্বারা বৈশ্যাপুত্র আয়োগব, বৈশ্য শুদ্ধদ্বারা ক্ষত্রিয়া-
পুত্র মাগধ ক্ষত্র, শুদ্ধ বৈশ্য ক্ষত্রিয় দ্বারা ব্রাহ্মণী পুত্র
চণ্ডাল, বৈদেহ, সূত, জন্মিয়াছে এবং পরম্পর বর্ণসঙ্কর
দ্বারা অসংখ্যে বর্ণসঙ্কর জন্মিয়াছে।

* বৈদেহ জাতিকে কেহ কেহ বশিক জাতিবিশেব বলিয়া
নির্দিষ্ট করেন।

৫.“ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ে বৈশ্য-স্ত্রয়ে। বর্ণা দ্বিজাতয়ঃ।

তেষাং জন্ম দ্বিতীয়স্ত বিজেয়ং মৌঝিবক্ষনম্।”

শঙ্খসংহিতা।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য, এই তিনি বর্ণ দ্বিজাতি, মৌঝি-
বক্ষন (উপনয়ন) ইহাদের দ্বিতীয় জন্ম, দুইবার জন্ম
হয় অতএব দ্বিজ এবং দ্বিজাতি বলা যায়।

তথাহি বশিষ্ঠঃ।

৬.“মাতুরগ্নে বিজননং দ্বিতীয়ং মৌঝিবক্ষনে।

তহাস্য মাতা সাবিত্রী পিতা দ্বাচার্য উচ্যতে॥”

মাতা হইতে প্রথম জন্ম হয়, মৌঝিবক্ষনে (উপনয়নে)
দ্বিতীয় জন্ম হয়, সেই উপনয়নস্বরূপ দ্বিতীয় জন্মে
সাবিত্রী মাতা, আচার্য পিতা।

“নজ্ঞাতিজানস্তুরজাঃ ষট্স্তু দ্বিজধর্ম্মণঃ।

শূদ্রাগান্ত সধর্ম্মাণঃ সর্বেহপংবৎসজাঃ স্মৃতাঃ॥”

মনুঃ।

ব্রাহ্মণের ব্রাহ্মণীজাত সন্তান, ক্ষত্রিয়ের ক্ষত্রিয়াজাত
সন্তান, বৈশ্যের বৈশ্যাজাত সন্তান, এই তিনি এবং ব্রাহ্মণ
হইতে ক্ষত্রিয়া জাত, বৈশ্যাজাত, ক্ষত্রিয় হইতে বৈশ্যা
জাত, এই তিনি দ্বিজাতি দ্বারা সজাতীয়াজাত এবং অনু-
লোম জাত উক্ত ছয় সন্তান দ্বিজধর্ম্মাবলম্বী। উপনয়নাদি
সংস্কারাত্ । দ্বিজ শব্দ বা ত্রি দ্বিজাতিদ্বারা প্রতিলোম জাত
সন্তান অপংবৎসজ সন্তান সকলেই শূদ্রধর্ম্মাবলম্বী উপ-
নয়নাদি ক্রিয়ারহিত।

“পুত্রা ষেহনস্তরস্তৌজ্ঞাঃ ক্রমেণোক্তা। দ্বিজঘনাম্।
তাননস্তরনাস্পত্তি মাতৃদোষাং প্রচক্ষতে ॥”

মনুঃ।

ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়াতে একান্তর জাত মূর্ধাভিষিক্ত
জাতি, দ্ব্যস্তরজাত অস্তর্ষ জাতি, এবং ক্ষত্রিয় হইতে
একান্তর দ্ব্যস্তর অমুলোম সন্তান, বৈশ্য হইতে একান্তর
জাত অমুলোমজসন্তান, মাতৃ পিতৃ ব্যতিরিক্ত সংকীর্ণ
জাতি হইলেও মাতৃজাতিতে ব্যপদেশ অর্থাৎ মাতৃজাতির
সংস্কারাদি ধর্ম প্রাপ্ত।

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য, এই তিনি দ্বিজাতির অনুলোমজ
সন্তান অর্থাৎ ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়া বৈশ্যাতে, ক্ষত্রিয়
হইতে বৈশ্যাতে জাত সন্তান অপেক্ষা দ্বিজাতির প্রতি-
লোমজ সন্তান কিঞ্চিৎ হীন হয়, অতিশয় গহীর্ণ নহে।
কিন্তু শূদ্র প্রতিলোমজ সন্তানেরা অর্থাৎ শূদ্র হইতে
বৈশ্যাতে ক্ষত্রিয়াতে ও ব্রাহ্মণীতে জাত সন্তানেরা ক্রমশঃ
নিতান্ত গহীর্ণ। ইহা মনুতে কথিত হইয়াছে।

ব্রাহ্মণ হইতে উগ্র কন্যাতে আবৃত নামক জাতি,
অস্তর্ষ কন্যাতে আভোর জাতি, আয়োগবীতে ধিথণ জাতি,
নিমাদ হইতে শূদ্রকন্যাতে পুক্সজাতি * শূদ্র হইতে
নিষাদ কন্যাতে কুকুটক জাতি, ক্ষত্রি হইতে উগ্রা স্ত্রীতে
শ্বপাক জাতি, বৈদেহ হইতে অস্তর্ষকন্যাতে বেণ জাতি, এই
সকল বর্গসঙ্গের মনুতে উক্ত হইয়াছে।

* চওঁমসদৃশ জাতিবিশেষ।

উশনা কহেন, ক্ষত্রিয়াতে শুদ্ধদ্বারা চৌর্যক্রমে রক্তক
জাতির উৎপত্তি। রঞ্জক জাতি হইতে চৌর্যক্রমে বৈশ্য-
কন্যাতে নর্তক জাতির উৎপত্তি। ইহাদিগের অপর নাম
গায়ক। অধূনা উহারা নর জাতি বলিয়া বিখ্যাত। শুদ্ধ
হইতে বৈশ্যাতে অপর এক বৈদেহিক জাতির উৎপত্তি
হয়। ইহাদের স্তুতি অজ, শহিষ্ণু, গো পালন করিয়া দুধ
ক্ষীর স্ফুট তক্রের বিক্রয়। চণ্ডাল হইতে বৈশ্য কন্যাতে
শপচ জাতির উৎপত্তি। উহারা কুকুরমাঃস ভক্ষণ করে।

“দ্বিজাতয়ঃ সবর্ণামু জনযস্ত্বু ত্বাঃস্ত যান্।

তান্মা বিদ্রীপরিভৃতান্ব্রাত্য। ইতি বিনির্দিশেৎ। ১॥

আত্যাত্তু জ্যায়তে বিপ্রাণ পাপায়া ভূজর্কন্টকঃ।

আবস্ত্যবাটধানো চ পুষ্পধঃ শৈখ এব চ। ২॥

বঞ্জে। মলিশ রাজন্যাণ আত্যামিছিবিরেব চ।

নটশ করণাশিচৰ খদেই দ্রবিড় এব চ। ৩॥”

মহুঃ।

দ্বিজাতিরা পরিণীতা সবর্ণাতে যে পুত্র উৎপাদন করেন,
উহারা যদি উপনয়ন সংস্কার বিহীন হয়, তবে এ সন্তান-
দিগকে আত্য বলে। ইহারা প্রতিলোমজ পুত্রের ন্যায়
পুত্রকার্যে অক্ষম, অতএব ইহাদিগকে প্রতিলোমজ প্রক-
রণে বলা হইল। ১। আত্য আক্ষণ হইতে সবর্ণা স্ত্রীতে
পাপায়া ভূজর্কন্টক জাতি জন্মিয়াছে। দেশভেদে ইহা-
দিগকে আবস্ত্য বাটধান, পুষ্পধ, শৈখ জাতি কহে। ২।
আত্য ক্ষত্রিয় হইতে সবর্ণা স্ত্রীতে ঝল্ল, মল্ল, নিছিবি,
নট, করণ, খস, দ্রবিড় এই সকল সন্তান জন্মিয়াছে। ৩

এই প্রকার ভাত্তা বৈশ্য হইতে শ্রধম্বাচার্য, কারুষ্য, বিজ্ঞ্যা, গৈত্র, সাত্ত্বত জাতি জন্মিয়াছে, এবং দস্ত্য জাতি হইতে আয়োগবী স্ত্রীতে সৌরিক্ষু, বৈদেহ জাতি হইতে মৈত্রেয জাতি জন্মিয়াছে। নিষাদ জাতি হইতে আয়োগ-বীত্তে কৈবর্ত জাতি জন্মিয়াছে। তাহার অপর নাম দাস জাতি। নিষাদ হইতে বৈদেহী স্ত্রীতে বারাবর নামক চর্মচেদনকারী জাতি, (চর্মকার জাতি) বৈদেহ হইতে কারাবর স্ত্রীতে অঙ্গ জাতি, নিষাদ স্ত্রীতে মেদ ॥ জাতি উৎপন্ন হয়। ইহারা গ্রামের বাহিরে বাস করে। চণ্ডাল হইতে বৈদেহ স্ত্রীতে পাণু সোপাক জাতি, নিষাদ হইতে আহিঙ্কর জাতি ॥ নিষাদ দ্বারা শূদ্রাণীতে পুকস জাতি, চণ্ডাল দ্বারা পুকসীতে সোপাক জাতি, চণ্ডালদ্বারা নিষাদী স্ত্রীতে অন্ত্যাবসায়ী (মূর্দাবফরাস) জাতি জন্মে। ইহারা চণ্ডাল হইতেও মিহৃক্ত।

মন্মাদি স্ত্রীতিশাস্ত্রে এই প্রকার কতকগুলি ঔৎকৃষ্ট অপকৃষ্ট বর্ণসংক্র বিবৃত আছে, এবং ঐ সকল গুলে ইহা উক্ত আছে, যে সকল বর্ণসংক্র জাতি গুলে বর্ণিত না হইল এবং যে সকল বর্ণসংক্র জাতি প্রচল ভাবে আছে, অচার ব্যবহার দ্বারা তাহাদের জাতির নিরূপণ করিতে হইবে।

অধ্যয়ন, অধ্যাপন, যজন, যাজন, দান, প্রতিগ্রহ, এই-

* ম্লেচ্ছধিশেব।

। ইহাদের কার্য্য রক্ষণ ও রী ।

ছয়টি আঙ্গনের কর্ম। অধ্যয়ন, যজন, দান, শাস্ত্রান্ত্র ধারণ, প্রজা-
রক্ষা, এই সকল ক্ষিয় কর্ম। অধ্যয়ন, যজন, দান, কৃষি-
কর্ম, গো প্রভৃতি পশু পালন, বাণিজ্য, কুসীদ (সুন্দ গ্রহণ)
প্রাণিপোষণ, এই সকল বৈশ্য কর্ম। আঙ্গণাদি ত্রিবর্ণের
দেবা, সর্ব প্রকার শিল্প কর্ম, কাঠ কর্ম (পাকক্রিয়ার
অনুকূল কাঠ তক্ষণাদি কার্য) এই সকল শুদ্ধের কর্ম।
ইহা মনু, অগ্নি, বিষ্ণু প্রভৃতি ধর্মান্তরে কথিত হই-
যাচ্ছে।

+ “স্তানামশ্চমারথ্যমস্তানাং চিকিৎসিতম্ ।
বৈদেহকানাং স্ত্রীকার্য্যং মাগধানাং বণিকৃপথঃ ॥”
মনুঃ ।

সৃত জাতির অশ মারথ্য বৃত্তি, অস্তর্ষের (বৈদ্য জাতির)
চিকিৎসা বৃত্তি, বৈদেহ জাতির অস্তৃপূর রক্ষা বৃত্তি, মাগধ
জাতির স্থল পথে বাণিজ্য বৃত্তি।

উশনঃসংহিতায় উক্ত আছে।
“বৈশ্যায়াং বিধিনা বিপ্রাং জাতো হ্যস্ত উচ্যতে ।
কৃষ্যাজ্ঞীবেো ভদ্রেন্তস্য তথেবাগ্নেয়বৃত্তিকঃ ॥
ন্দজিনৌ জৌবিকা বাগি চিকিৎসাশাস্ত্রজীবকঃ ।”

আঙ্গন হইতে বিধিপূর্বক বৈশ্যা স্ত্রীতে জাত সন্তান
অস্তৃ জাতি। কুমি, আগ্নেয়, সেনাপত্য, চিকিৎসা, এই
সকল তাঁহার বৃত্তি।

নিষাদজাতির * মৎস্য বধ বৃত্তি, আয়োগব জাতির কাঠিতক্ষণ বৃত্তি, মেদ জাতি ও অন্ধু জাতির আরণ্য পশু হিংসা বৃত্তি, ক্ষতা উগ্র ও পুকুর জাতির বিল মধ্যে গোধা প্রভৃতির বধ বক্ষন বৃত্তি, ধিখণ জাতির চৰ্ম নির্শাণ বৃত্তি, বেণ জাতির করতাল ও মৃদঙ্গাদি বাদ্য বাদন বৃত্তি, চওল ও শ্বপচ প্রভৃতি জাতিরা রাজাজ্ঞামুসারে বধ্য ব্যক্তির বধ করিবে, অনাথ শব সকল গ্রাম হইতে বাহির করিবে, শবের বন্দু শয্যা প্রভৃতি গ্রহণ করিবে। গর্ভত ও কুকুর ইহাদিগের ধন। সৈরিঙ্কু জাতির উচ্ছিট ভক্ষণাদি দাস-কর্ম, রহিত কেশ রচনাদি এবং অঙ্গসম্বাহনাদি দাসবৃত্তি এবং দৈবকার্য পিতৃকার্য ও ঔষধনিগত পাশ বক্ষনদ্বারা মৃগ-বধ বৃত্তি, মৈত্রেয় জাতির বৃত্তি মধুরভাবী হইয়া প্রাতঃকালে ঘণ্টা বাজাইয়া রাজাদিগের স্তব করা, দাস জাতির (কৈবর্জ জাতির) মৌর্য্যত্বি। পাঞ্চমোপাক জাতির বেণু ব্যবহার বৃত্তি। অন্ত্যাবসায়িদিগের শ্রমান বৃত্তি। ইহা মনু বনিয়াছেন।

*“রঙ্গবতরণমায়োগবানাং ব্যাদতা পুকুসানাং স্তুতিক্রিয়া মাগধানাং বধ্যঘাতিত্বং চওলানাম্ অখসারথ্যং স্তুতানাম্।”

ইতি বিষ্ণুঃ।

আয়োগব জাতির রঙ্গবতরণ, † পুকুসজাতির ব্যাদ কর্ম,

*নিষাদ জাতিকে কেহ চওলবিশেব কহেন, কেহ বা ভিজ্ঞাদি জাতিবিশেব কহেন, কেহ কেহ ধীবরবিশেব কহেন।

† অভিনয়স্থলে নটের কার্য্য করণ অথবা মৃহাগীতাদি স্থলে রঙ্গবতরণ।

মাগধ জাতির স্তুতিক্রিয়া, চণ্ডাল জাতির বধ্যবাতিছ, দৈদেহ জাতির স্তোরক্ষা, মূত জাতির অশ্বসারথ্য বৃত্তি। উশনা কহেন, পুরুষ জাতির মধু ও মদ্য ব্যবসায়।

+ “হস্ত্যশ্বরথশিক্ষা অস্ত্রধারণঞ্চ মুর্দ্ধাভিষিক্তানাং নৃত্যগীত-নক্ষত্রজীবনং শস্যরক্ষা চ মাহিষ্যানাং দ্বিজাতি-শুঙ্খমা ধনধান্যাদ্যক্ষতা রাজসেবা দুর্গাস্তঃপুরুরক্ষা চ পারশবোঝ-করণানাম্।”

ইতি কুলুকভট্টেক্তৃত-উশনসোক্ত-প্রমাণম্।”

হস্তি অশ্ব রথ শিক্ষা অস্ত্রধারণ মুর্দ্ধাভিষিক্তের বৃত্তি, নৃত্য গীত গণনা শস্য রক্ষা মাহিষ্যের বৃত্তি। দ্বিজাতির শুঙ্খমা, ধনধান্যের অদ্যক্ষতা রাজসেবা এবং দুর্গরক্ষা ও অস্তঃপুরুর রক্ষা, পারশব উগ্র ও করণ জাতির বৃত্তি।

মন্দাদি শাস্ত্রে এই প্রকার সংক্ষেপসংক্ষেপ জাতি ও তাহা-দের বৃত্তি নিরূপিত হইয়াছে, কিন্তু আমরা মনু, অগ্নি, বিষ্ণু, হারীত, যাত্রবন্ধু, উশনা, অঞ্জিরা, যম, আপস্তম্ব, সংবর্ত্ত, কাত্যায়ন, ব্রহ্মপতি, পরাশর, ব্যাস, শঙ্খা, লিখিত, দক্ষ, গোতম, শাতাতপ, বশিষ্ঠ, এই বিংশতি ধৰ্মি গ্রন্থীত বিংশতি স্মৃতিসংহিতায় বিশেষ অনুসন্ধান করিলাম, এবং কতকগুলি সংক্ষিপ্ত বচন, কতকগুলি সংক্ষিপ্ত বচনের অর্থ মাত্র, কতকগুলি সংক্ষিপ্ত বচনের ভাবার্থ উক্ত করিয়া পাঠকগণকেও বিবরণ করিলাম, কিন্তু কিছুতেই কায়স্থ জাতির ক্ষত্রিয়ত্ব প্রতিপাদন কিংবা ব্রহ্মার কায় হইতে কায়স্থের উৎপত্তির প্রতিপাদন করিতে পারি-

লাগ না। ক্ষত্রিয় পর্যায়ক কোন শব্দে কায়স্থ শব্দের উল্লেখ নাই এবং কোন স্মৃতি গ্রহে কায়স্থ জাতিকে ক্ষত্রিয় বলে না। অতএব ইহাই স্থির হইতেছে যে, ব্ৰহ্মার কায় হইতে কায়স্থ নামক কোন জাতি বিশেষের উৎপত্তি হইয়াছে কিংবা কায়স্থ জাতি ক্ষত্রিয় শাখা, ইহা শুভতি স্মৃতি দ্বারা প্রমাণ হয় না। অথচ এ কথাও সন্তুষ্পর নহে যে, যে স্মৃতি শাস্ত্রে ব্রাহ্মণ অবধি চগুল, মুরদার ফরাস পর্যন্ত কীর্তিত হইয়াছে, তাহাতে স্ববিধ্যাত, বিস্তৃত, দ্বিজাতিসমাজে প্রচলিত একটি জাতি বিশেষের উৎপত্তির ও বৃত্তির কীর্তন হয় নাই।

আমরা এ কথা বলিতেছি না যে, স্মৃতিশাস্ত্রে কায়স্থ শব্দের উল্লেখ নাই, কেবল এইমাত্র বলিতেছি, স্মৃতিশাস্ত্র দ্বারা ইহা সপ্রমাণ হয় না যে, কায়স্থ জাতি ক্ষত্রিয়, কিংবা ব্ৰহ্মার কায় হইতে কায়স্থের উৎপত্তি হইয়াছে। আমরা এ কথা ভূয়োভূয়ঃ স্বীকার কৰিতেছি, স্মৃতি শাস্ত্রের অনেক স্থানে কায়স্থ শব্দের উল্লেখ আছে এবং তদ্বারা কায়স্থ জাতি যে বৰ্ণসঙ্কলন ও নিকৃষ্ট জাতি তাহা প্রমাণিত হইতেছে।

তৎপ্রমাণঃ যথা ব্যাসমংহিতায়।

~ “বৰ্দ্ধকৌ নাপিতো গোপ আশাপঃ কুষ্ঠকাৰকঃ।

বণিক কিৱাত-কায়স্থ-গোলকাকার কুটুম্বিনঃ ॥

বৰাটো মেদ-চগুণ-দাম-শ্বপচ-কোলকঃ।

এতেহস্ত্যজাঃ সমাখ্যাতা যে চানে চ গবাশনাঃ ॥”

ব্যাসমংহিতার সঙ্কীর্ণ জাতি প্রকৱণে বলিয়াছেন, বৰ্দ্ধকৌ

(সূত্রধার) নাপিত, গোপ, আশাপ, কুন্তকার, বণিক, কর্ণাত, কায়স্ত, মালাকার, কুটুম্বী, * বরাট, যেদ, চণ্ডাল, দাস, শ্বপচ, কোলক, ইহারা অন্ত্যজ জাতি এবং গবাশন জাতি অন্ত্যজ।

তথা হি উশনঃমঃহিতাযাম् ॥

* “কাকাজৌল্যঃ যমাং ক্ষোর্যঃ স্থপতেরথ কুন্তনম্ ।

আদ্যক্ষরাণি সংগৃহ্য কায়স্ত ইতি কীর্তিৎঃ ॥”

উশনঃমঃহিতার বর্ণনক্ষেত্রে প্রকরণে উক্ত হইয়াছে, কাকের কা যমের য (য) স্থপতির স্ত, এই কাক যম স্থপতি শব্দত্বয়ের আদ্যক্ষর সকল গ্রহণ করিয়া কায়স্ত শব্দ কীর্তিত হইয়াছে। যে হেতু ইহাতে কাক হইতে চঞ্চলতা, যম হইতে কুরতা, স্থপতি হইতে কুন্তন, এই সকল গুণ গৃহীত হইয়াছে।

তথা হি যাঽভবত্কঃ ।

“চাটি-তক্ষর-চুর্ণ্য-মহাসাহিমিকাদিভিঃ ।

পীড়মানাঃ প্রজা রক্ষে কায়ষ্ট্রেষ্ট বিশেষতঃ ॥”

অস্য টাকা ।

“চাটিৎ প্রত্যারকাঃ বিশ্বাস্য যে পরদনমপত্ররশ্মি । প্রচ্ছন্নাপ-
হারিণস্ত্রক্ষরাঃ । দুর্বৃত্তা ঐন্দ্রজালিকাঃ কিরাতাদয়ঃ । সহো-
বনঃ সহস্রা বশেন কৃতঃ সাহসঃ, মহচ তৎ সাহসকেতি মহা-
সাহসঃ তেন বর্তন্ত ইতি মহাসাহিমিকাঃ প্রমহ্যাপহারিণঃ ।
আদিশব্দাঃ মৌনিককৃতকৃতয়ঃ । এতেঃ পীড়মানা বাধ্য-
মানাঃ প্রজা রক্ষে । কায়স্তা গণকা লেখকাশ, তৈঃ পীড়া-

* কৃষক বিশেষ ।

মানাঃ বিশেষতো বক্ষে, তেষাঃ রাজবংশভূতয়। অতিমায়া-
বিত্তয়া চ ছন্নি'বারভাণ্ডাঃ।'

ইতি মিত্রাক্ষরায়াম্ আচারাধ্যায়ঃ।

চাট (প্রতারক) তন্ত্র (চোর) দুর্বৃত্ত (ঐন্দ্রজালিক
কিরাতাদি) মহাসাহসিক যাহারা বল পূর্বক হঠাতে ধন
অপহরণ করে। ইহাদের দ্বারা পৌড়মান প্রজাগণকে রক্ষা
করিবে, বিশেষতঃ কায়স্থ হইতে পৌড়মান প্রজাগণকে রক্ষা
করিবে। কায়স্থ শব্দের অর্থ গণক এবং লেখক। ইহারা
সর্বদা রাজসন্ধানে থাকিয়া রাজসেবা করে, অতএব রাজার
প্রিয় পাত্র, স্বতরাং দুর্বীবার হয়। ইহা মিত্রাক্ষরার আচার
অধ্যায়ে কথিত হইয়াছে। ২৩, ৪৮৩

এই সকল শৃতি প্রমাণ দ্বারা জানা যাইতেছে, কায়স্থ
জাতি বর্ণসঙ্কর নিকৃষ্ট জাতি, ক্রুরমুভাব। ইহারা দ্বিজাতি-
শব্দবাচ্য ক্ষত্রিয় নহে। এই ক্ষণে দেখা যাউক পূর্বে যে
সকল বর্ণসঙ্করের কথার উল্লেখ হইয়াছে তাহার মধ্যে
কোনু বর্ণসঙ্কর জাতিকে কায়স্থ বলা যাইতে পারে?
তাহাতে স্বার্ত্ত পঙ্গিতের নির্দেশ করিয়াছেন, কায়স্থ
জাতি পূর্বোল্লিখিত করণ জাতি।

তৎপ্রমাণঃ যথা।

“কায়স্থঃ করণে দ্রেয়ঃ শুদ্ধাগর্ত্তসমুদ্বঃ।”

করণ জাতিকে কায়স্থ জানিবে। ইহারা শুদ্ধাগর্ত্ত-
সম্ভূত। পূর্বে অনুলোম জাতি প্রকরণে যাজ্ঞবল্ক্য বচন
দ্বারা প্রমাণিত হইয়াছে, বৈশ্য হইতে শুদ্ধাগৌতে করণ

জাতির উৎপত্তি। সেই করণ জাতিই কায়স্ত। ইহা দ্বারা এই স্থির হইতেছে, কায়স্ত জাতি বর্ণসঙ্গে, শূদ্র অপেক্ষা উৎকৃষ্ট। শূদ্রা গর্ভসন্তুত হইলেও ইহারা বিজাতি দ্বারা উৎপন্ন হইয়াছে বলিয়া পিতৃ জাতির উৎকৃষ্টতা হেতু ইহাদের উৎকৃষ্টতা স্বীকার করা যাইতেছে। ইহা পূর্বো-লিখিত—

“স্ত্রীৰনস্তুৱজাতাস্তু দ্বিজেৰুৎপাদিতান্মুক্তান্।
সদৃশানেব তানাহঃ মাতৃদোষবিগহিৰ্তান্মু”

এই মনুবচন দ্বারা প্রমাণিত হইয়াছে, কায়স্ত জাতি বর্ণসঙ্গে করণ জাতি। অতএব অমরসিংহ বর্ণসঙ্গে প্রকরণে লিখিয়াছেন।

“শূদ্রাৰিশোন্ত করণেহস্তো বৈশ্যাদ্বিজন্মনোঃ ॥”

শূদ্রা আর বৈশ্য হইতে করণ জাতির উৎপত্তি। জটাধর অভিধান দ্বারা করণ জাতি কায়স্ত, ইহা সপ্রমাণ হইয়াছে। যেহেতু কায়স্ত, করণ, পঞ্চিকাকার, এই সকল এক পর্যায়ক শব্দ।

রাধাকান্তদেবকৃত শব্দকল্পদ্রমে উল্লেখ আছে।

“কায়স্তঃ পুঃ জাতিবিশেষঃ ইতি মেদিনী। তৎপর্যায়ঃ,
চুটকুৎপন্নীকর ইতি ত্রিকাণ্ডশেষঃ। করণঃ পঞ্চিকাকরঃ
উত্তি জটাধরঃ ॥”

অমরসিংহকৃত অভিধানে উক্ত আছে।

“রথকারস্ত মাহিয়াৎ করণ্যাঃ যস্য সন্তবঃ ॥”

মাহিয় জাতি হইতে করণ জাতীয়া স্বীকৃতে রথকার
জাতির উৎপত্তি হইয়াছে। রায়মুকুট টীকাকার ইহার ব্যাখ্যা
করিয়াছেন। “করণ্যাং কায়স্থাং” করণী শব্দের অর্থ কায়স্থী।
রায় মুকুট স্মৃতিস্মৃতি প্রাচীন টীকাকার। স্মৃতিসংগ্রহকর্তারা
ইঁহার অনেক স্থানে খনি করিয়াছেন।

“কায়স্থে সাধনে ক্লীবং পুংসি শৃঙ্গবিশোঃ স্মতে”

ইতি করণশব্দার্থে মেদিনী।

করণ জাতি যে কায়স্থ, তাহা করণ জাতির বৃত্তি দ্বারা ও
অনুমিত হইতেছে। যথা পূর্বলিখিত কুল্লুকভট্টোক্তি
উশনসোক্ত প্রমাণে কথিত হইয়াছে,—বিজাতির শুন্ধ্যা,
ধনের অধ্যক্ষতা, ধান্যের অধ্যক্ষতা, রাজসেবা, দুর্গর ক্ষা,
অন্তঃপ্ররক্ষা, এই সকল পারশ্ব উৎ ও করণ জাতির বৃত্তি।
অধুনা কায়স্থেরা ও বলিয়া থাকেন।—

এ “কায়স্থো লিপিকারকঃ।”

লেখাপড়ার কাজ ও হিসাবপত্রের কাজকেই কায়েতি
ব্যবসায় বলিয়া থাকে। কয়াছ শব্দের অপভ্রংশ শব্দ কায়েত।
কায়স্থের ব্যবসায়ের নাম কায়েতি ব্যবসায়, ধনের অধ্যক্ষতা
তহবিলদারী কর্ম, ধান্যের অধ্যক্ষতা ভাণ্ডারি কর্ম। এই
সকলই লেখা পড়ার কার্য্য, অর্থাৎ হিসাবের কার্য্য। রাজ-
সেবা ও রাজার নিকট থাকিয়া মোহরিগিরি প্রভৃতি রাজার
অন্য প্রকার চাকরি। রাজসেবা শব্দের অর্থ রাজার শুন্ধ্যা
নহে, যেহেতু পূর্বেই বিজাতি শুন্ধ্যা বলিয়া একবার উক্ত
হইয়াছে, স্মৃতরাঃ পরের রাজসেবা শব্দের অর্থ রাজশুন্ধ্যা।

ନହେ, ଅତଏବ ପୂର୍ବୋଲ୍ଲିଖିତ “ଚାଟ ତକ୍ଷର ହର୍ବୃତ” ଇତ୍ୟାଦି ସାଙ୍ଗବଙ୍କ୍ୟ ବଚନେର ଟାକା ମିତାକ୍ଷରାତେ କାଯସ୍ତକେ ରାଜବଳ୍ଲଭ ବଲିଯାଛେ । ଇହାରା ରାଜାର ନିକଟ ଥାକିଯା ରାଜାର ଚାକରି କରିତ, ସର୍ବବନ୍ଦୀ ରାଜାର ଆଞ୍ଚାନୁବନ୍ତୀ ଥାକିତ, ସ୍ଵତରାଂ ଇହାରା ବାଜାର ନିତାନ୍ତ ଅନୁଗ୍ରହେର ପାତ୍ର ।

କରଣ ଜ୍ଞାତିଇସେ କାଯସ୍ତ ତାହାର ଆରାତ ଏକ ପ୍ରମାଣ ଦେଖା ଯାଇତେଛେ । ଉେକଳ ଦେଶୀୟ ଭାଷାକେ ସଦିଚ ଆଗରା କର୍ଦ୍ୟ ଭାଷା ଜ୍ଞାନ କରି କିନ୍ତୁ ବହୁ ଅନୁମନ୍ଦାନ କରିଯା ଦେଖା ଗିଯାଛେ, ଉେକଳ ଭାଷାତେ ପ୍ରାୟ ଅନେକ ଗୁଲି ଶବ୍ଦ ଇମ୍ବେଲିମ୍ ମଧ୍ୟ ଅନୁରକ୍ଷଣ କରିଯାଇଛନ୍ତି । ମେହି ଉେକଳଦେଶୀୟ କାଯସ୍ତରେ ଅନ୍ୟାନ୍ୟ କରଣ ଜ୍ଞାତି ବଲିଯା ପରିଚୟ ଦିଯା ଥାକେ । ଅନ୍ୟ ପର୍ଯ୍ୟନ୍ତ ଉେକଳ ଦେଶୀୟ କାଯସ୍ତ ଜ୍ଞାତିତେ କରଣ ଶବ୍ଦ ପ୍ରଚଲିତ ଆଛେ । ପରିଚିମ ଦେଶେଓ ଅନେକ କାଯସ୍ତ କରଣ ବଲିଯା ପରିଚୟ ଦେଯ ।

ଉଶନଃସଂହିତାଯ ଉତ୍ତ ଆଛେ ।—

“ଶୁଦ୍ଧାୟଃ ବୈଶ୍ୟତଶୋର୍ଯ୍ୟାଃ କଟକାର ଇତି ଶୁତ୍ୟ ।”

ବୈଶାଶ୍ଵାରା ଶୁଦ୍ଧାତେ ଚୌର୍ଯ୍ୟକ୍ରମେ ମେ ମକଳ ସନ୍ତାନ ହଇଥାଏ, ତାହାଦିଗକେ କଟକାର କହେ । ଏଇ କଟକାର ଶଦେର ଅପରିଂଶ ଶବ୍ଦ କଟ୍କୀ । ଅନ୍ୟ ପର୍ଯ୍ୟନ୍ତ କଟ୍କା କାଯେତ ନାମକ ଏକ ମଞ୍ଚଦାୟ କାଯେତ ବିଖ୍ୟାତ ଆଛେ । ଏତଦେଶୀୟ କାଯେତରେ ତାହାଦିଗକେ ଅବଜ୍ଞା କରେନ, ତାହାର କାରଣ ଏହି ଅନୁମିତ ହ୍ୟ, ସାଙ୍ଗବଙ୍କ୍ୟ ସଂହିତାଯ ବୈଶ୍ୟ ହଇତେ ଶୁଦ୍ଧାତେ କରଣ ଜ୍ଞାତିର ଉେପନ୍ତିର କଥା ଉଲ୍ଲେଖ ଆଛେ । ସାଙ୍ଗବଙ୍କ୍ୟ ଶଦେର ପ୍ରଯୋଗ ଆଛେ । ବିନା ଶଦେର ଅର୍ଥ ବାହିତା ‘‘ବିନାଶ୍’’ ‘‘ବିବାହିତାଶ୍’’ ଅର୍ଥାଂ ବୈଶ୍ୟର ବିବା-

হিতা শুদ্ধজাতীয়া স্ত্রীতে করণ জাতির উৎপত্তি হইয়াছে। উশনঃসংহিতায় বিবাহিতা শব্দের উল্লেখ নাই “চৌধ্যাং” এই শব্দের উল্লেখ আছে। বৈশ্য পুরুষ হইতে চৌধ্য ক্রমে শুদ্ধাতে যে সন্তান জন্মিয়াছে, তাহারা কটকী। করণেরা বৈশ্যের বিবাহিতা শুদ্ধা স্ত্রী গর্ভজাত, কটকীরা বৈশ্যের অবিবাহিতা শুদ্ধা গর্ভজাত, অতএব করণ কায়স্তেরা কটকী কায়স্তেদিগকে অবজ্ঞা করেন।

অনেকে বলেন “কায়স্তেরা ব্রাত্য ক্ষত্রিয়ের সন্তান, যেহেতু কতকগুলি প্রমাণবারা স্থিরীকৃত হইতেছে, করণ জাতিই কায়স্তজাতি। করণ ও কায়স্ত এক পর্যায়ক শব্দ। মনু বলিয়াছেন, ব্রাত্য ক্ষত্রিয় হইতে বাল্প, মল্ল, নিছিব, নট, করণ, খস ও দ্রবিড় জাতির উৎপত্তি হইয়াছে। এই সকল ব্রাত্য ক্ষত্রিয়সন্তানগণ মধ্যে করণের ও উল্লেখ আছে, স্বতরাং কায়স্তগণকে অবশ্যই ব্রাত্য ক্ষত্রিয়সন্তান বলা যাইতে পারে। কিন্তু এই বাল্প মল্ল নট করণ দ্রবিড় ও খস জাতিকে কেহ কেহ অন্যজ * জাতি মধ্যে গণনা করিয়াছেন। কোন কোন গ্রন্থে দেখা যায়, বাল্প মল্ল প্রভৃতিরা মেছে জাতি মধ্যে পরিগণিত। অতএব আমরা বঙ্গীয়সমাজে বর্তমান সন্তান কায়স্তগণকে ব্রাত্য ক্ষত্রিয়সন্তান বলিতে বাধ্য না হইয়া বৈশ্য হইতে শুদ্ধাগর্ত্তসন্তুত এবং শুদ্ধবর্ণ অপেক্ষা উৎকৃষ্ট বর্ণসঙ্কৰ জাতি বিশেষ বলিয়া স্বীকার করিতেছি।

* এস্তে অন্যজ শব্দের অর্থ কনিষ্ঠ বা নিকৃষ্ট পারিভাষিক অর্থ নহে। ইহার বিস্তারিত বিভীত খণ্ড পুস্তকে লিখিত হইবে।

কোন কোন কায়স্থবাক্ষর বহুবিধি শাস্ত্রপারদর্শিতা
প্রদর্শন পূর্বক বলিতেছেন “ইদানীং ব্রাহ্মণ কায়স্থ বা শৃঙ্খ,
ইহারাই প্রসিদ্ধ ও গণনীয় জাতি। বস্তুতঃ কলিতে
যথাশাস্ত্রানুসারে পূর্ববৎ স্বধর্মাচারী ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্রা-
বসিত্ত, অস্ত্র ও মাহিষ্য জাতি নাই। ইহারা সকলেই
ক্রিয়া লোপ হেতু শৃঙ্খল প্রাপ্ত হইয়াছে। রঘুনন্দন ভট্টা-
চার্য মুক্তকগ্রে স্বীকার করিয়াছেন “ইদানীন্তন-ক্ষত্রিয়াণা-
মপি শৃঙ্খলম্” ইদানীং ক্ষত্রিয়েরাও শৃঙ্খল প্রাপ্ত হইয়াছে।

মনু বলিয়াছেন ।—

“শনৈকস্তু ক্রিয়ালোপাদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ ।

বৃষ্মত্বং গতা লোকে ব্রাহ্মণাদর্শমেন চ ॥”

বারংবার ক্রিয়ালোপ হেতু এবং ব্রাহ্মণের অদর্শনহেতু
ইদানীং ক্ষত্রিয়েরা বৃষ্মত্ব (শৃঙ্খল) প্রাপ্ত হইয়াছে। ভারত-
সনকৃত-কুলনীপিকোক্ত যমবচন ও বিদ্যুবচন যথা ।

“যুগে জগন্যে দ্বে জাতী ব্রাহ্মণঃ শৃঙ্খ এব হি ।” ১

জগন্য যুগে (কলিযুগে) ব্রাহ্মণ আর শৃঙ্খ, এই দুইটি
যাত্র জাতি। অর্থাৎ ক্ষত্রিয় বৈশ্য অস্ত্র প্রভৃতি সকল
জাতিই শৃঙ্খল প্রাপ্ত হইয়াছে, প্রতরাং কলিকালে ব্রাহ্মণ ও
শৃঙ্খ, এই দুইটি যাত্র জাতি আছে ।

“শৈনঃ শৈনঃ ক্রিয়ালোপাদথ তা বৈদ্যজাতয়ঃ ।

কলৌ শৃঙ্খলমাপন্না যথা ক্ষত্রা যথা বিশ্বঃ ॥” ২

পুনঃ পুনঃ ক্রিয়ালোপ হেতু মেগন ক্ষত্রিয়েরা ও বৈশ্যেরা
শৃঙ্খল প্রাপ্ত হইয়াছে, তেমন দৈন্য জাতিরাও শৃঙ্খল প্রাপ্ত

ହଇଯାଛେ । ରୟନନ୍ଦନ କୌଟାର୍ଯ୍ୟ ବିଷୁପୁରାଣୀ ସଚନ ଉନ୍ନ୍ତ କରିଯା ବଲିଯାଛେ ।

“ମହାନନ୍ଦିଷ୍ଵତ୍ତଃ ଶୁଦ୍ଧାଗର୍ଭମୁଦ୍ବୋହ୍ତିଙ୍ଗକୋ । ମହାପଦ୍ମୋ
ନନ୍ଦଃ ପରଶୁରାମ ଈବାପରାଖିକ୍ଷଳିଯାନ୍ତକାରୀ ଭବିତା । ତତ୍ତ୍ଵଃ
ପ୍ରତ୍ତିତ ଶୁଦ୍ଧା ଭୂଗଳା ଭବିଷ୍ୟାତି । ତେନ ମହାନନ୍ଦିପର୍ଯ୍ୟନ୍ତଃ କଞ୍ଜିଯ
ଆମୌଁ । ଏବଂ କ୍ରିୟାଲୋପାଦୈଶ୍ୟାନାମପି ତଥା । ଏବମସ୍ତା-
ଦୀନାମପି ଜାତିପ୍ରଦଙ୍ଗାତ୍ମକମ୍ ।”

ଇତି ଶୁଦ୍ଧିତତ୍ତ୍ଵଲିଖନମ୍ ।

ଶୁଦ୍ଧାରୀର ଗର୍ବେ ମହାନନ୍ଦିର ଏକ ପୁତ୍ର ଜନିବେ । ତାହାର
ନାମ ମହାପଦ୍ମ ନନ୍ଦ । ମେ ଅତିଲୁକ ହଇୟା ପରଶୁରାମେର ନୟାଯ
ମକଳ କ୍ଷତ୍ରିୟ ଦ୍ୱାରା କରିବେ । ତଦ୍ବଧି ଶୁଦ୍ଧେରା ରାଜୀ ହଇବେ ।
ମହାନନ୍ଦି ପର୍ଯ୍ୟନ୍ତ କ୍ଷତ୍ରିୟ ଛିଲ । ତେପରେ ଆର କ୍ଷତ୍ରିୟ ନାହିଁ ।
କ୍ରିୟାଲୋପା ହେତୁ ବୈଶ୍ୟ ଓ ନାହିଁ ଅର୍ପଣ ଓ ନାହିଁ ।

ଏହି ସକଳ ଶାସ୍ତ୍ରୀୟ ପ୍ରମାଣଦାରା ସ୍ଥିର ହଇତେଛେ, ଏହି କ୍ଷଣେ
କ୍ଷତ୍ରିୟ ବୈଶ୍ୟ ଅର୍ପଣ ମକଳେଇ ଶୁଦ୍ଧା ପ୍ରାପ୍ତ ହଇଯାଛେ । ତଥାଦେ
ଆଚାରବ୍ରକ୍ତ କ୍ଷତ୍ରିୟରୋ କାଯସ୍ତ ନାମେ ଥ୍ୟାତ । ଆଚାରବ୍ରକ୍ତ
ବୈଶ୍ୟରୋ ବନିକ, ଆଚାର ହୀନ ଅର୍ପଣୀରାଓ ଅର୍ପଣ କାଯେତ
ବଲିଯା ପରିଚିତ ଦେଶେ ପରିଚିଯ ଦେଯ । ଭାଙ୍ଗଣେର ପରେଇ
କ୍ଷତ୍ରିୟ ଜାତି ଉତ୍ସକ୍ତ ଛିଲ । ମେଇ କ୍ଷତ୍ରିୟରୋ ଏଇକ୍ଷଣେ କାଯସ୍ତ
ହଇଯାଛେ । ଅତଏବ ଏକଦେଶେ ଭାଙ୍ଗଣ ଜାତିର ପରେଇ
କାଯସ୍ତ ଜାତିର ଉତ୍ସକ୍ତତା ଦେଖା ଯାଯ ।

ଯଦ୍ୟପି ଏଇକ୍ଷଣେ କୋମ କୋମ ହାନେ ଦେଖା ଯାଯ, ବର୍ତ୍ତମାନ
କ୍ଷତ୍ରିୟରୋ ସୁଗାନ୍ଦରୀୟ କ୍ଷତ୍ରିୟଗଣେର ନୟାଯ ଏବଂ ବୈଦୋରା

যগান্তরীয় বৈদেয়ের ন্যায় ব্যবহার করিতেছেন, কিন্তু উহা মর্বিশাস্ত্র সম্মত বা সমস্ত পশ্চিতের পরামর্শ সিদ্ধ নহে। উহা উৎকল দেশে দেবরপতি ব্যবহারের ন্যায়, এবং যেমন দাঙ্কিণাত্যের মাতুলকন্যা বিবাহ ব্যবহার শাস্ত্র নিষিদ্ধ, অথচ কোন এক শাস্ত্রা ত্ত্বরসিদ্ধ দেশ ব্যবহার। যথা।

“মাতৃভাতৃস্থতাং কেচিঃ পিতৃস্থস্থতাং তথা ।

বিবহন্তি কঢ়িদেশে সংকোচ্যাপি সপিণ্ডতামিতি ॥

শাতাত্পোক্তের্মাতুলকন্যাদ্বাহঃ কার্যঃ । যদ্যপি পিতৃ-
স্থস্থকন্যাদ্বাহেৰ্পি প্রাণ্প্রস্তথাপি অস্র্বণঃ লোকবিদ্বিষ্ট-
মিতি নিষেদাং বচনান্তরেণ তত্ত্বাহস্যাবিধানাত্ত ন কার্যঃ ।
অযস্ত দাঙ্কিণাত্যশিষ্টাচারাং কার্য্য ইতি নির্ণয়সিদ্ধৌ ততীয়-
পরিচ্ছেদে প্রকীর্ণনির্ণয়ে ব্যবস্থাপিতম্ ।

কোন দেশে সপিণ্ডতার সঙ্কোচ করিয়া কেহ মাতুল-
কন্যাকে কেহ পিতার ভগিনী-কন্যাকে বিবাহ করে।
শাতাত্পোক্ত এই বচন দ্বারা মাতুলকন্যা বিবাহ বিধান
হইয়াছে। পিতৃ-ভগিনীকন্যার বিবাহ বিধান থাকাতেও
লোকে যাহা বিদ্রোহ করে সে কর্ণ স্বর্গজনক নহে, এই নিষেধ
হেতু এবং বচনান্তরে বিধান না থাকা প্রযুক্ত ঐ বিনাহ
কর্তব্য নহে। দাঙ্কিণাত্যদিগের শিষ্টাচার প্রযুক্ত মাতুল-
কন্যা বিবাহ বিধেয়। নির্ণয়সিদ্ধ গ্রন্থের তৃতীয় পরিচ্ছেদে
প্রকীর্ণ নির্ণয় প্রকরণে ইহা লিখিত আছে।

বস্তুতঃ প্রকৃত ক্ষত্রিয় বৈশ্যাদি জাতির যে অভাব, তাহা
প্রত্যক্ষণ দেখাই যাইতেছে। এ দেশে ক্ষত্রিয় প্রায় নাই।
অর্থেপার্জন নিমিত্ত পশ্চিম দেশ হইতে এ দেশে আসিয়া

যাহারা ক্রত্বিয় বলিয়া পরিচয় দেয়, তাহাদের মধ্যে কোন কোন ব্যক্তির গলায় যজ্ঞসূত্র দেখা যায় সত্য, কিন্তু যজ্ঞসূত্রের কার্য কিছুই নাই, আচার ব্যবহার সকলই শুদ্ধবৎ। বৈশ্য জাতির কেবল নাম মাত্র শুনা যায়। মুক্তাবসিত্ত ও শাহিয় জাতির নাম পর্যন্ত লোপ হইতেছে। এখানে বৈদেয়রা অষ্টষ্ঠ বলিয়া পরিচয় দেন, কিন্তু তাহারা প্রকৃত অষ্টষ্ঠ কি না; তাহার সন্দেহ ভঞ্জক বিশিষ্ট গ্রন্থ এমাণ কিছুই নাই। পশ্চিম দেশে শাকলদীপী ব্রাহ্মণদিগকে বৈদ্য কহে, কিন্তু তাহারা বেদবিধি বর্জিত। কেবল কায়স্ত জাতির মধ্যে অষ্টষ্ঠনামক এক শাখা আছে। তাহারা পশ্চিম দেশে অদ্যাপি অষ্টষ্ঠ কায়েত বলিয়া পরিচয় দেয়। এই বিস্তীর্ণ ভারতবর্ষের মধ্যে এই শুদ্ধ বঙ্গদেশ ভিন্ন অষ্টষ্ঠ নামে পরিচিত বৈদ্য জাতি আর কোথা ও নাই।

যথাশাস্ত্রানুসারে অষ্টষ্ঠ নামক জাতি বটে কিন্তু বৈদ্য জাতি বলিয়া কোন শাস্ত্রে উল্লেখ নাই। চিকিৎসা বৃত্তির নাম বৈদ্যবৃত্তি। যাহারা চিকিৎসা করে, তাহাদিগকে বৈদ্য কহে। বৈদ্য কোন জাতি বিশেষের নাম নহে। চিকিৎসা-ব্যবসায়ী সকল জাতীয় লোককেই বৈদ্য বল। যায়। এ দেশে ব্যবহারও আছে, নাপিত কৈবর্ত চঙ্গাল প্রভৃতি যাহারা চিকিৎসা করে, তাহাদিগকেই বৈদ্য কহে। অভিধানকার অমরসিংহও তাহাই লিখিয়াছেন। যথা—

“রোগহার্য্যগদক্ষারো ভিষগ্বৈদ্যো চিকিৎসকে ॥”

রোগহারী, অগদক্ষার, ভিষক, বৈদ্য, এই সকল শব্দ

চিকিৎসক অর্থ বোধ করাইবে। স্মতরাং যাহারা চিকিৎসক তাহাদিগকেই বৈদ্য কহে, ।—

রাধাকোষ্ঠ দেব শব্দকল্পত্রম অভিধানে এক প্রকার বৈদ্যের উৎপত্তি লিখিয়াছেন কিন্তু তাহারা অঙ্গস্ত শব্দ-বাচ্য হইতে পারেন না। এবং বৈদ্য শব্দ ব্যালগ্রাহিকেও বুঝায়। যথা—

“বৈদ্যোহশ্চনীকুমারেণ জাতশ্চ পিপ্রযোষিতি ।

বৈদ্যবীর্যেণ শৃঙ্গায়ঃ বভুরুব্হবো জনাঃ ॥

তে চ গ্রামগুণজ্ঞাশ্চ মন্ত্রোষধিপরায়ণাঃ ।

তেভ্যাশ্চ জাতাঃ শৃঙ্গায়ঃ তে ব্যালগ্রাহিণো ভূর্বি ॥”

অশ্চনীকুমারদ্বারা আক্ষণীতে বৈদ্যের উৎপত্তি হয়। ইহারা বেদ বিবর্জিত। সেই বৈদ্য হইতে শৃঙ্গাতে কতক-গুলি সন্তান জন্মে। তাহারা গ্রামের গুণজ্ঞ ও মন্ত্রোষধি-পরায়ণ। তাহাদের দ্বারা শৃঙ্গার্গতে যাহারা জন্মে, তাহারা ব্যালগ্রাহী। ইহাদিগকে সাপুড়িয়া বা মালবৈদ্য কহে। ইহারাও বৈদ্য কবিরাজ বলিয়া পরিচয় দেয়।

যাহা হউক, এইক্ষণে এ দেশে যাহারা বৈদ্য বা অঙ্গস্ত বলিয়া পরিচয় দেন, তাহাদের শাস্ত্রসিদ্ধ অঙ্গস্তবৎ ব্যবহার কিছুই নাই। তাহারা শৃঙ্গের ন্যায় আচার ব্যবহার করেন। শৃঙ্গের আচারাদির সহিত বিভিন্নতা-সূচক আচার ব্যবহার ইঁহাদের কিছু দেখা যায় না, স্মতরাং তাহাদিগকে শৃঙ্গ বলা যাইতে পারে।

প্রচলিত ব্যবহার অনুসারেও বোধ হয়, কায়স্ত্রেরাই

ক্ষত্রিয়, মেহেঙু লোকে প্রায় সচরাচরই “ত্রাঙ্গণ কায়স্থ” “কায়স্থ ত্রাঙ্গণ” বলিয়া থাকে। শূন্ত্র প্রধান দেশে “ত্রাঙ্গণ শূন্ত্র” বলে। ত্রাঙ্গণ ক্ষত্রিয় বা ত্রাঙ্গণ বৈশ্য অথবা ত্রাঙ্গণ বৈদ্য বলিলে প্রচলিত প্রথানুসারে আমাদের বঙ্গ-সমাজে নৃতন কথার ন্যায় শুনা যায়। বাস্তব ত্রাঙ্গণ জাতির পরেই ক্ষত্রিয় জাতি উৎকৃষ্ট ছিলেন, অতএব লোকে ত্রাঙ্গণ কায়স্থ বা কায়স্থ ত্রাঙ্গণ বলিয়া থাকে। এই ক্ষণে প্রকৃত ক্ষত্রিয়াদির অভাব প্রযুক্ত ত্রাঙ্গণ ক্ষত্রিয় বা ত্রাঙ্গণ বৈশ্য অথবা ত্রাঙ্গণ অস্ত্রষ্ট বলে না।

আরও দেখা যায়, পশ্চিম দেশায় লালাদিগের মধ্যে প্রাচীন ক্ষত্রিয় ব্যবহারের অনেক প্রচলন আছে। লালারাও কায়স্থ বলিয়া পরিচয় দেয়, ইহারারা নিশ্চয় বোধ হয়। বর্তমান কায়স্থেরাই পূর্বে ক্ষত্রিয় ছিলেন।

কায়স্থ বাঙ্কবেরা স্বাভৌষ সিদ্ধ্যৰ্থে সকল কুযুক্তি ও কৃতকৰ্ত্তের অবলম্বন করিয়া কুপথের আবিষ্কার করিতেছেন, উহার কিছুই নৃতন নহে; ঐ পথ অতিজীর্ণ প্রাচীন ও অতি-কাস্তার। নানাদেশীয় পশ্চিতেরা বহুশাস্ত্রালোচনারাও ঐ পথে পুনঃ পুনঃ বিস্তর কটকে নিষ্কেপ করিয়াছেন।

যে সময়ে রাজা রাজনারায়ণ ক্ষত্রিয় হইতে যত্নবান হইয়াছিলেন, যে সময়ে কায়স্থ-কৌস্তুভের স্থষ্টি হয়, যে সময়ে সহস্র মুদ্রা ব্যয়দ্বারা—

“কায়স্থঃ ক্ষত্রিয়ো। বর্ণো ন চ শুন্দঃ কদাচন।”

এই বচনের স্ফুর্তি হয়, সে সময়ে কায়স্থ পক্ষ বিপক্ষ সমস্ত পশ্চিত একত্র হইয়া শান্ত্রসিন্ধুর মন্ত্র করেন।

তৎকালে অযুত বা বিষ কিছুই উৎপন্ন না হইয়া কতকগুলি তীক্ষ্ণ কণ্টক উদ্ধিত হয়। পশ্চিমের সেই কণ্টকগুলি কায়স্থা-বিস্ফুল পথে বিক্ষিপ্ত করেন। জনাই অঞ্চলের একজন প্রধান পশ্চিম,—

“ কায়স্থঃ ক্ষত্রিয়ো বর্ণো ন চ শূদ্রঃ কদাচন।”

এই বচন রচনা করিয়া ও কায়স্থদিগের ব্যবস্থাপত্রে স্বাক্ষর করিয়া সমাজে অসম্মানিত হন। পরে স্বদেশ পরিত্যাগ করিয়া চিরজীবনের নিমিত্ত কাশী যাত্রা করেন।

পূর্ব দেশে চট্টল নগরে কতকগুলি ধনগর্বিত কায়স্থ, শাস্ত্ৰীয় বিধির অবহেলন পূর্বক বৈদ্যবিদ্রোহী হইয়া ধৰ্মশাস্ত্ৰ-বিশ্বাসন একজন পশ্চিম-চূড়ামণির অপমান করেন। কায়স্থ-পক্ষীয় পশ্চিমবর কান্তিচন্দ্ৰ দ্বারা নৃতন এক ব্যবস্থাপত্রিকার স্থষ্টি হয়। “ যুগে জগন্নে দ্বে জাতৌ,, ইত্যাদি কতকগুলি সংস্কৃত বচন তাহাতে সম্বৰ্বেশিত থাকে। তদুপনক্ষে চট্টগ্রামে বিক্রমপুরে নদীপ রাজধানীতে সমস্ত পশ্চিম এক শহী হইয়া পুনঃপুনঃ শাস্ত্ৰসিদ্ধুর মন্তব্য করেন। সে মন্তব্যেও প্রথম কতকগুলি তীক্ষ্ণ কণ্টক উদ্ধিত হইয়া অবশ্যে অযুত উদ্ধিত হয়। ক্ষত্রিয় বৈশ্য বৈদ্য প্ৰভৃতি সেই অযুতের আন্দোলন করেন। তীক্ষ্ণ কণ্টকগুলি কায়স্থা-বিস্ফুল পথে বিন্যস্ত থাকাতে সেই পথ অতিক্রান্তার হয় ও অনৱশ্যক থাকে। অধুনা ঐ সকল বিষয়ের পুনান্দোলন যদিচ চৰ্বিত-চৰ্বিগের ন্যায় হইতেছে, তথাপি

ଅପରିଜ୍ଞାତ-ଶାନ୍ତ ଆଧୁନିକ ବ୍ୟାକ୍ତିଗାନିଗଣେର ପ୍ରବୋଧର୍ଥ କାଯସ୍ତ-ବାଙ୍କ୍ଷବଗଣେର ଅବଲମ୍ବନୀୟ କୁଦୁକ୍ତି ପ୍ରମାଣାଦିର ଅମୂଳ-କତା ପ୍ରତିପାଦନ କରିତେ ପ୍ରବୃତ୍ତ ହିଲାମ ।

ବ୍ୟମଲତ୍ତ ପ୍ରାଣ କ୍ଷତ୍ରିୟେରା ଇନ୍ଦାନୀଃ କାଯସ୍ତ ନାମେ ଥ୍ୟାତ, ଏତ୍ତପ୍ରତିପାଦନାତିପାଯେ ବନ୍ନା ହଇତେଛେ, କଲିତେ ଯଥା-ଶାନ୍ତାନୁମାରେ କ୍ଷତ୍ରିୟ, ବୈଶ୍ୟ, ଅର୍ଚତ୍ତ, ମାହିସ୍ୟ ଓ ମୂର୍କ୍ଷାବସିନ୍ତ ଜାତି ନାହିଁ । ଉତ୍ତାରା ସକଳେଇ ଶୁଦ୍ଧ ପ୍ରାଣ ହଇଯାଛେ । କାଯସ୍ତ-ବାଙ୍କ୍ଷବଗଣେର ଏ ସକଳ ଉତ୍କି—ଶାନ୍ତି, ଯୁଦ୍ଧ, ଅନୁଯାନ, ଅତ୍ୟକ୍ଷ, ଏହି ସମୁଦ୍ରାୟ ପ୍ରମାଣେର ବିରକ୍ତ । ଯେହେତୁ କଲିତେ କ୍ଷତ୍ରିୟାଦିର ସନ୍ତା ନାନାବିଧ ଶାନ୍ତାଦି ପ୍ରମାଣଦ୍ୱାରା ପ୍ରତିପଦ ହଇତେଛେ ।

ବ୍ୟକ୍ଷବୈଵର୍ତ୍ତପୁରାଣେ ଉତ୍କ ଆଛେ ।

‘‘ଅଥ ଭାନ୍ଦୁପଦେ ମାସି କୁକୋର୍ତ୍ତମ୍ୟାଃ କଳୌ ଯୁଗେ ।

ଅଷ୍ଟାବିଂଶତିମେ ଜ୍ଞାତଃ କୁକୋର୍ତ୍ତମୌ ଦେବକୀମୁତଃ ॥

କଲିକାଳେ ଅଷ୍ଟାବିଂଶତିମେ ଯୁଗେ ଭାନ୍ଦୁ ମାସେର କୁକୋର୍ତ୍ତମ୍ୟାଃ କଳୌତେ ଦେବକୀମୁତ କୁକୋର୍ତ୍ତମ୍ୟ ଜୟିଯାଛେନ । ମାର୍କଣ୍ଡେଯ ପୁରାଣେର ଦେବୀମାହାତ୍ୟେ ଉତ୍କ ଆଛେ ।

‘‘ବୈବସ୍ତତେଷ୍ଟରେ ପ୍ରାଣେ ଅଷ୍ଟାବିଂଶତିମେ ଯୁଗେ ।

ଶୁଣେ ବିଶୁଦ୍ଧବୈନ୍ୟା-ବୁଂପଂମେତେ ମହାମୁରୌ ॥

ମନ୍ଦଗୋପଗୃହେ ଜ୍ଞାତା ସଶୋଦାଗର୍ତ୍ତମନ୍ତ୍ରବୀ ।

ତତ୍ତ୍ଵେ ନାଶଯିଷ୍ୟାମି ବିକ୍ଷ୍ୟାଚମନିବାସିନୀ ॥’

ବୈବସ୍ତ ମହାତ୍ୟରେ ଅଷ୍ଟାବିଂଶତିମ ଯୁଗେ ଶୁଣ୍ଟ ଓ ନିଶ୍ଚନ୍ତ ପୁନର୍ବାର ଉଂପମ ହଇବେ । ଆମି ସଶୋଦାର ଗର୍ଡେ ମନ୍ଦଗୋପ-

সৃহে জমিয়া তাহাদিগকে নষ্ট করিব। এই সেই বৈবন্ধত
মন্দিরের অষ্টাবিংশতিতম যুগ। এই যুগে মহামায়া নন্দ-
গোপগৃহে জন্মেন, শ্রীকৃষ্ণ দেবকীর গর্তে জন্মেন।

তথা হি ছরিবৎশে কালযবন-বধোপক্রমে।—

“ত্রেতাযুগে প্রস্তুতে ইসি বিদিতো মে বিশারদাং।

ইমং কলিযুগং বিদ্বি কিমন্যং করবাণি তে ॥

মম শক্তম্বুজা দক্ষো দেবদন্তবরাম্পণ ।

অবধ্যোহয় ময়া সম্ভ্যে ভবেন্দ্রশচৈরপি ॥”

স্মৃতি হইতে উত্থিত মুচুকুন্দ রাজার প্রতি কালযবন-
বধোপক্রমে শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন। হে নৃপ ! তুমি ত্রেতা
যুগে প্রস্তুত হইয়াছ। এইক্ষণে কলিকাল, ইহা তুমি আমার
নিকটে অবগত হও। আর আমি তোমার কি করিব। যে
শক্ত আমার শত বৎসরেও অবধ্য, তাহা তুমি দেবদন্ত বর
প্রভাবে দন্ত করিয়াছ। এই সকল প্রমাণ স্বারা অবগত
হওয়া যায়, শ্রীকৃষ্ণের জন্ম কলিকালে হইয়াছিল। শ্রীকৃষ্ণের
উপনয়ন সংস্কার হইয়াছিল।

তৎপ্রমাণং যথা মহাভারতে।—

“ততস্ত্রয়োঃ সমকরে। দ্বিধিনা দ্বিজসংক্ষতিম্।

বস্তুদেবঃ সমানীয়াচার্যং গর্গং মহামুনিম্ ॥”

বস্তুদেব, মহামুনি আচার্য গর্গকে আনিয়া বলরাম শু
শ্রীকৃষ্ণের দ্বিজসংস্কার (উপনয়ন) করাইয়াছিলেন। কলিতে
ক্ষত্রিয়াদির শূদ্রস্ত ভাব ধার্কলে হৃত ও বলরামের দ্বিজ-
সংস্কার শাস্ত্রবিরুদ্ধ স্বীকার করিতে হয়।

